



প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে দেশবাসীকে দেওয়া প্রতিটি প্রতিশ্রুতি পূরণ করেছে বিজেপি। জোর দিয়ে বললেন প্রতিরক্ষা মন্ত্রী তথা বিজেপি নেতা রাজনাথ সিং। ...বিস্তারিত পাতা ২



জয়নগর থানা এলাকা থেকে এক ব্যক্তির মৃতদেহকে ঘিরে এলাকায় চাঞ্চল্য। এই ঘটনায় শ্রেফতার দুজনকে রবিবার বারুইপুর মহকুমা আদালতে পাঠানো...বিস্তারিত পাতা ৩



রবিবার রাজ্যের অন্যান্য জেলার পাশাপাশি নদীয়ার চৈতন্য ভূমি নবদ্বীপেও খুঁদে ফুটবারারা মেতে উঠলেন বাংলা নববর্ষকে স্বাগত জানাতে। ...বিস্তারিত পাতা ৫



আইএসএলের মোহনবাগান এবং মুম্বই এফসির লড়াই বাড়তি মাত্রা পেয়েছে। সোমবার মুম্বই সিটিকে হারালো লিগ-শিশু জিতবে সবুজ-মেরুন। ...বিস্তারিত পাতা ৮

নির্বাচনী আবহে অভিষেকের হেলিকপ্টার থামিয়ে আয়কর তল্লাশি!



দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ এপ্রিল : ভোটের মুখে ফের কেন্দ্রীয় সংস্থার অতি তৎপরতার অভিযোগ তুলল তৃণমূল। ট্রায়াল রান চলাকালীন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কপ্টার থামিয়ে তল্লাশি চালানেন আয়কর দপ্তরের আধিকারিকরা। বেহালার ফ্লাইং ক্লাবে ট্রায়াল রানের সময় আচমকাই তা থামিয়ে আয়কর দপ্তরের আধিকারিকরা তল্লাশি চালান বলে অভিযোগ। অভিষেকের নিরাপত্তা রক্ষীদের সঙ্গেও বাকবিতস্তা হয় কেন্দ্রীয় সংস্থার আধিকারিকদের। এনিময়ে সোশাল মিডিয়ায় ফ্লোড উগরে দিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর দাবি, কপ্টারে কিছু পাওয়া যায়নি। পাশাপাশি তাঁর অভিযোগ, এনআইএ-র ডিজি ও এসপি-কে বদলের যে দাবি ছিল তৃণমূলের, তার পাল্টা হিসেবে তাঁর কপ্টার তল্লাশিতে কাজে লাগানো হচ্ছে কেন্দ্রীয় সংস্থাকে। পয়লা বৈশাখের বিকেলে আয়কর দপ্তরের এহেন কাণ্ডে স্বভাবতই তোলপাড় পড়ে গিয়েছে রাজনৈতিক মহলে। দলের জাতীয় মুখপাত্র ডেবকে ও ব্রায়েন থেকে রাজ্যসভার সাংসদ সাকেত গোগলে, তৃণমূল নেতা কৃণাল ঘোষ সকলেই কেন্দ্রীয় এজেন্সির এহেন অতিসক্রিয়তার বিরুদ্ধে বিজেপি বিরোধী ভাবে দেগেছেন। সোমবার নির্বাচনী প্রচারণে পূর্ব মিরন্দীপুর যাওয়ার কথা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। তমনুকে দলীয় প্রার্থীর হয়ে তাঁর প্রচার করার কথা। সেই কারণেই রবিবার কপ্টারের ট্রায়াল রান চলছিল। তৃণমূল নেতা কৃণাল ঘোষের অভিযোগ, অভিষেকের সেই কপ্টার থামিয়ে আয়কর দপ্তরের আধিকারিকরা কপ্টারে ওঠেনা। প্রতি ব্যাগ খুলে খুলে তন্নতন করে তল্লাশি চালান। কিন্তু কিছুই পাওয়া যায়নি। এই সময়ে অভিষেকের নিরাপত্তারক্ষীদের সঙ্গে বাকবিতস্তা হয়। তাঁরা কোনও প্রশ্ন করলে বলা হয়েছে, কপ্টার আটকে রাখা হবে, দেরি করানো হবে। দীর্ঘক্ষণ ধরে কপ্টারটি উড়তে দেওয়া হয়নি। কিন্তু কিছু না পেয়ে অবশেষে কপ্টার ছাড়া হয়। আয়কর আধিকারিকদের ‘হাল্লা রাজার সেনা’র সঙ্গে তুলনা কৃণাল ঘোষ। তাঁর আরও দাবি, বিজেপি হারছে এবং তার জন্য কেন্দ্রীয় সংস্থালোককে দিয়ে হেনস্তা করা হচ্ছে।

বরানগরে একই পরিবারের তিনজনের রহস্যমৃত্যু



দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ১৪ এপ্রিল : পয়লা বৈশাখের সকালে মর্মান্তিক এক ঘটনার সাক্ষী রইল বরানগর। একটি বাড়ি থেকে ৩ জনের পাচগলা মৃতদেহ উদ্ধার ঘিরে ব্যাপক শোরগোল ছড়ান। নিরঞ্জন সেন নগর এলাকায় একটি বাড়ি থেকে বাবা, ছেলে ও নাতির দেহ উদ্ধার হয়েছে। প্রাথমিক অনুমান, নিজের বাবা ও ছেলেকে খুন করে আত্মঘাতী হয়েছেন পরিবারের সদস্য বাপ্পা হালদার। কিন্তু তাঁর মাথার পিছনে আঘাত কীভাবে, সেই প্রশ্নও উঠছে।

আত্মহত্যা নাকি খুন, তা নিশ্চিত হতে তদন্তে নেমেছে বরানগর থানার পুলিশ। মৃতদেহগুলি উদ্ধার করে পাঠানো হয়েছে ময়নাতদন্তের জন্য। পরিবারের অন্যান্য সদস্যদের খোঁজ করে তাঁদের খবর দেওয়ার চেষ্টা করছে পুলিশ। কিন্তু এই ঘটনায় এলাকায় চাপা উত্তেজনার পরিস্থিতি রয়েছে। পুলিশ সূত্রে খবর, বরানগরের নিরঞ্জন সেন সরণির ওই বাড়ি থেকে সকালে পচা গন্ধ বেরোচ্ছিল বলে জানান প্রতিবেশীরা। পুলিশে খবর দেওয়া হয়। পুলিশ বাড়িতে এসে

কোলাসিবল গেটের তাল ভেঙে ঢোকে ভিতরে। দেখে যে একটি ঘরে যুবকের রক্তাক্ত দেহ পড়ে রয়েছে। পারের ঘরে এক বৃদ্ধ ও আরেক যুবকের দেহ পড়ে রয়েছে। জানা যায়, তারা সম্পর্কে দাদু ও নাতি। আর উদ্ধার হওয়া একক দেহটি ছেলের। অর্থাৎ মৃতদেহগুলি বাবা, ছেলে ও নাতির। জানা গিয়েছে, উদ্ধার হওয়া মৃত বৃদ্ধের নাম শংকর হালদার। তাঁর বয়স আনুমানিক ৭০ বছর। তাঁর ছেলে বাপ্পা হালদার ও নাতি বর্ষ হালদার। এঁদের তিনজনের দেহ উদ্ধার হয়েছে ওই বাড়ি থেকে। ছেলে বাপ্পার মাথার পিছনে আঘাত রয়েছে বলে জানিয়েছে পুলিশ। স্থানীয় কাউন্সিলর উষা বেরা জানিয়েছেন, “আমরা প্রতি বছরের মতো এবারও পয়লা বৈশাখে প্রভাতফেরি নিয়ে বেরিয়েছিলাম। তা শেষ হওয়ার পর খবর পাই, এক বাড়িতে তিনজন মারা গিয়েছেন। আমি সঙ্গে সঙ্গে এখানে ছুটে আসি। পুলিশও এসেছে। তদন্ত চলছে। তার পর বাক্য যাতে ঘটনা ঠিক কী ঘটেছে।”

ইজরায়েলে হামলা ইরানের, জরুরী বৈঠক ডাকল রাষ্ট্রসংঘ! ফোনে কথা নেতানিয়াহু-বাইডেনের

১ এপ্রিল : হামাস-ইজরায়েল রক্তক্ষয়ী সংঘাতের মাঝেই মধ্যপ্রাচ্যে ফের ভয়ংকর যুদ্ধের মেঘ। আশঙ্কা সতী করে শুরু হয়ে গিয়েছে ইরান-ইজরায়েল যুদ্ধ। শনিবার ইজরায়েলে মিসাইল ও ড্রোন হামলা শুরু করেছে ইরানের সেনাবাহিনী। এই পরিস্থিতিতে আপকালীন বৈঠকের ডাক দিয়েছে রাষ্ট্রসংঘ। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের প্রধান একথা জানিয়েছেন। এমাসে পরিষদের সভাপতি মাল্টার মুখপাত্র জানিয়েছেন, ইজরায়েলের অনুরোধে ওই বৈঠক ডাকা হয়েছে। ভারতীয় সময় অনুযায়ী,

রবিবার রাত সাড়ে ৯টা নাগাদ বৈঠক হওয়ার কথা। থাকবেন ইজরায়েল, আমেরিকা-সহ একাধিক দেশের প্রতিনিধি। এদিকে ভারতীয় সময় রবিবার সকাল সাটটা নাগাদ ফোনে বেজমিন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। এলিন টেলিভিশনে জাতির উদ্দেশে ভাষণ দিয়েছেন ইজরায়েলি ফৌজের মুখপাত্র ড্যানিয়েল হ্যাগারি। তিনি বলেন, ইরান ড্রোন ও মিসাইল হামলা শুরু করেছে। আমরা সমস্ত ধরনের পরিস্থিতির জন্য তৈরি। শনিবার গভীর রাতে হামলা চালায় ইরান। অসংখ্য ড্রোন

ও মিসাইল আচড়ে পড়তে থাকে ইজরায়েলের ভূখণ্ডে। আইডিএফের

এদিকে ইরানের হামলার পালটা জবাব দিয়েছে তেল আভিভ। মাঝ

ডোম’ মিসাইল ডিফেন্স সিস্টেম। ভাইরাল হওয়া ভিডিওয় দেখা গিয়েছে কীভাবে রািডের অন্ধকার ফালা ফালা করছে বারুদের বলকানি। প্রসঙ্গত, গত ১ এপ্রিল সিরিয়ায় ইরানের দূতাবাসে ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়। যেখানে অন্তত ১৩ জন প্রাণ হারিয়েছিলেন। মৃতদের মধ্যে ছিলেন দুজন ইরানি সেনাকর্তাও। এই হামলার পিছনে ইজরায়েলের হাত-ই দেখছে হেতরান। তার পর থেকেই ইজরায়েলকে লাগাতার হুমকি দিয়ে যাচ্ছিল ইরান। এবার আশঙ্কা সতী করে শুরু হয়ে গেল যুদ্ধ।

১৪ এপ্রিল : চন্দ্রযান ৩ অতীত, এবার চন্দ্রযান ৪ নিয়ে কাজ শুরু করে দিল ইরান বলে মনে হচ্ছে। চন্দ্রযান-৩ এর সাফল্যের পর এখন আন্তর্জাতিক সংস্থাগুলিও ইসরাকে নিয়ে মুগ্ধ। তারাও এ ব্যাপারে আগ্রহ দেখাচ্ছে। এখন চন্দ্রযান-৪-এর ল্যান্ডার মডিউলটি ইসরো তৈরি করবে এবং জাপানের স্পেস এজেন্সি জাক্সা রোভার মডিউল তৈরি করবে। এনআইটি হামিরপুরের বার্ষিক টেক ফেস্ট নিম্নস প্রোগ্রামে ইসরোর বিজ্ঞানী সামনীতা ঠাকুর এই কথা জানিয়েছেন। ইসরোর বিজ্ঞানীরাও এখানে এসেছিলেন। সামনীতা ঠাকুর বলেন, ‘দুটি আন্তর্জাতিক সংস্থা

একযোগে কাজ করে তখন অনেক কিছু শেখার থাকে।’ তিনি বলেন, ছোটবেলা থেকেই দেশের জন্য

পরিকল্পনা করে ইসরো। কোথায় ঘাটতি ছিল এবং কোথায় আরও কাজ করতে হয়। পৃথানুপুথ মূল্যায়নের পরে, ল্যান্ডিং মডিউলটি পুনরায় ডিজাইন করা হয়েছে। এরপরই বর্ষাতাকে সাফল্যে পরিণত করার কথা ভাবতে বিজ্ঞানীদের বলেন ইসরোর চেয়ারম্যান এস সোমনাথ। ইসরোর বিজ্ঞানী জানান, ‘আমাদের মনোবল বাড়িয়ে দিয়েছে। এই মনোবল নিয়েই চন্দ্রযান ৬ ল্যান্ডার ডিকম এবং প্রজ্ঞান রোভারে সফল হয়েছে।’ চন্দ্রযান ৬-এর সফল অবতরণের পর এবার ইসরোর প্রতি আগ্রহ দেখাতে শুরু করেছে আন্তর্জাতিক সংস্থাটিও।



শেয়ার করা একটি ভিডিওয় দেখা গিয়েছে, কীভাবে ইরানের হামলার সঙ্গে সঙ্গেই সাইরেন বেজে উঠছে।

মুদ্রাস্ফীতি ও বেকারত্ব কোথায় : রাহুল

বিজেপির ‘ঘোষণাপত্রকে’ জুমলাপত্র বলল কংগ্রেস

নয়াদিল্লি, ১৪ এপ্রিল : রবিবার ২০২৪ লোকসভা নির্বাচনের ইস্তেহার প্রকাশ করেছে বিজেপি। গেরুয়া শিবিরের ‘সংকল্পপত্র’ শীর্ষকই এবার দেওয়া হয়েছে ‘মৌদি কি গ্যারান্টি।’ কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী দাবি, মোদি সরকার যখন যা প্রতিশ্রুতি দেয় ইস্তেহারে তা পালন করেন। এদিকে এই ইস্তেহার নিয়ে বিজেপিকে খোঁচা কংগ্রেসের। বিজেপির ‘জুমলাপত্র’ বলে কটাক্ষ হাত শিবিরের। কংগ্রেস নেত্রী সুপ্রিয়া শ্রীনাতে বিজেপিকে খোঁচা মেরে বলছেন, বিজেপির ১ ঘণ্টা ৪০ মিনিটের সাংবাদিক সম্মেলনে সাংবাদিকদের থেকে কোনও প্রশ্নই নেওয়া হয়নি। এটা ‘ঘোষণাপত্র’ নয়, এটা ‘জুমলাপত্র’। ২০২৩ সালের ডিসেম্বরে কংগ্রেস তাদের নির্বাচন কমিটি গঠন করেছিল। ভারত জেড়ো যাত্রা, ন্যায় যাত্রা শেষ হওয়ার পরে এবং মানুষের সঙ্গে সাক্ষাৎের পরই তাদের ‘ন্যায়পত্র’ প্রকাশ করেছিল। বিজেপির ইস্তেহার তৈরি করা হয়েছে ১৩ দিনের মধ্যে। ৩০ মার্চ কমিটি তৈরি করা হয়েছিল। বিজেপির ইস্তেহারকে খোঁচা দিয়েছেন রাহুল গান্ধীও। তিনি এক্স হ্যান্ডলে লিখেছেন, ‘বিজেপির ইস্তেহার ও মোদির ভাষণে দুটি শব্দ অনুপস্থিত- মুদ্রাস্ফীতি ও বেকারত্ব। মানুষের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যুগুলো নিয়ে বিজেপি আলোচনাও করতে চায় না। ইন্ডিয়া জোটের পরিকল্পনা পরিষ্কার। প্রতিটি শিক্ষিত যুবকে চাকরি দেওয়া। তাদের জন্য ৩০ লক্ষ পদে নিয়োগ ও ১ লক্ষ স্থায়ী পদ সৃষ্টি করা। এবার আর যুব সম্প্রদায় মোদির দিকে ঝুঁকতে রাজি নয়। এবার তারা কংগ্রেসের হাত মজবুত করবে দেশের কর্মক্ষেত্রে বিপ্লব আনবে।’ কেন কৃষকদের এমএসপি নিয়ে কোনও কথা বিজেপির ইস্তেহারে নেই, সেপ্রশ্নও তুলেছে কংগ্রেস। বিজেপির সংকল্প পত্রকে কটাক্ষ করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাণ্ডে। তাঁর মতে, এই নির্বাচনী ইস্তেহারে আস্থা রাখা ঠিক নয়। খাণ্ডে বলেছেন, গত ১০ বছরে এই লোকটি (প্রধানমন্ত্রী মোদি) গরীবদের জন্য কিছুই করতে পারেনি। আসন্ন লোকসভা নির্বাচনের জন্য রবিবারই নির্বাচনী ইস্তেহার প্রকাশ করেছে বিজেপি। বিজেপির সংকল্প পত্র-কে কটাক্ষ করে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাণ্ডে বলেছেন, তিনি (প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি) বলেছিলেন কৃষকদের আয় দ্বিগুণ করবেন। তিনি বলেছিলেন এমএসপি বাড়ানো এবং আইনি গ্যারান্টি দেবেন। তিনি নিজের মেয়াদে এনএনও বড় কাজ করেছেন কিন্তু দেশের সমস্ত মানুষের উপকার হয়। তরুণরা চাকরি খুঁজছে, মুদ্রাস্ফীতি বাড়ছে। তিনি মুদ্রাস্ফীতি, বেকারত্ব নিয়ে চিন্তিত নন, ১০ বছরে এই লোকটি গরীবদের জন্য কিছুই করতে পারেনি। এই ইস্তেহারে আস্থা রাখা ঠিক না।



বিজেপি নেতার কাছ থেকে উদ্ধার হল লক্ষ লক্ষ টাকা



দুরন্ত বার্তা, মালবাজার, ১৪ এপ্রিল : নির্বাচনের মুখে নাকা চেকিংয়ের সময় দুই বিজেপি নেতার গাড়ি থেকে উদ্ধার হল নগদ টাকা। বিজেপির মাল বিধানসভার কনভেনার রাকেশ নন্দী এবং বিজেপির মহিলা মোচার জেলা সভানেত্রী দীপা বণিকের গাড়িতে টাকার পাহাড়। সব মিলিয়ে মোট ১ লক্ষ ৫ হাজার টাকা উদ্ধার করা হয়েছে। এই ঘটনা ঘিরে রাজনৈতিক মহলে জোর চাপানউত্তোর। শনিবার রাতে মালবাজারে ক্রান্তি এলাকায় নাকা তল্লাশি চলছিল। সেই সময় ওই রাস্তা দিয়ে যাচ্ছিলেন বিজেপির মাল বিধানসভার কনভেনার রাকেশ নন্দী এবং বিজেপির মহিলা মোচার জেলা সভানেত্রী দীপা বণিকা। সেই সময় গাড়িতে নাকা তল্লাশি করা হয়। রাকেশের গাড়ি থেকে নগদ ৫০ লক্ষ ৭৫ হাজার টাকা বাজেয়াপ্ত করা হয়। দীপার কাছ থেকে ১ লক্ষ ৩০ হাজার টাকা উদ্ধার করে ক্রান্তি ফাঁড়ির পুলিশ।

ওসি বুদ্ধদেব ঘোষ জানান, তাঁদের কাছ থেকে সবমিলিয়ে মোট ১ লক্ষ ৫ হাজার টাকা উদ্ধার করা হয়েছে। লোকসভা ভোটের মুখে বিজেপি নেতাদের কাছ থেকে বিপুল পরিমাণ টাকা উদ্ধারের ঘটনায় গোটা এলাকাজুড়ে ব্যাপক চাঞ্চল্য। পুলিশি জেরায় রাকেশ নন্দী জানান, রাজনৈতিক কাজের জন্য ওই টাকা তাঁকে দলীয় নেত্রী দীপা বণিক দিয়েছিলেন। যদিও দীপার থেকে এ বিষয়ে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। বারবার ফোন করা হলেও তাঁর সঙ্গে যোগাযোগ করা যায়নি। জলপাইগুড়ির পুলিশ সুপার খান্ডেবহালাে উমেশ গণপত জানান, এমসিপি রুলস অনুযায়ী নির্বাচনের সময় কোনও ব্যক্তি যদি নগদ ৫০ হাজারের বেশি টাকা সঙ্গে বহন করেন তাহলে টাকার উৎস সম্পর্কে তদন্ত প্রয়োজনীয় প্রমাণপত্র দেখাতে হয়। কিন্তু ওইদিন রাতে তাঁরা কেউই প্রমাণপত্র দেখাতে পারেননি। ভারতীয় দপ্তর ১০২ ধারা অনুসারে টাকাগুলি বাজেয়াপ্ত করা হয়েছে বলে জানিয়েছেন তিনি। তৃণমূলের জেলা সভানেত্রী মহুয়া গোপ বলেন, কেন্দ্রের বিজেপি সরকার বিভিন্ন প্রকল্পে বাংলার সাধারণ মানুষের ন্যায্য পাওনা টাকা দেয় না। সাধারণ মানুষের টাকা আটকে রাখাটাই বিজেপির সংস্কৃতি। ওদের কোনও জনসংযোগ নেই। ভোটের সময় টাকা দিয়ে ভোট কেনাটাই ওদের স্বভাব। জনসমক্ষে বহুদিন ধরে তারা এই কথা বলে আসছেন। লোকসভা ভোটের মুখে বিজেপি নেতাদের কাছ থেকে বিপুল পরিমাণ টাকা উদ্ধারের ঘটনা তার স্বলস্ত উদাহরণ। টাকা দিয়ে ভোট কেনার জন্যই বিজেপি নেতারা রাতের অন্ধকারে ওই বিপুল পরিমাণ টাকা নিয়ে যাচ্ছিলেন। ধরাও পড়ল।

দুজন নয়, কলকাতায় এসেছিল আরও এক আইএস জঙ্গি!

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ এপ্রিল : কলকাতায় দুজন নয়, তিনজন আইএস জঙ্গি এসেছিল। বেঙ্গালুরু ক্যাফে বিস্ফোরণ কাণ্ডের তদন্তে উঠে এসেছে চাঞ্চল্যকর তথ্য। গুত দুই জঙ্গিকে আর্থিক সাহায্য করেছিল সেই তৃতীয় জন। শুধু তাই নয়, রামেশ্বরম ক্যাফেতে বিস্ফোরণ ঘটানোর রসদ অর্থাৎ বিস্ফোরক আবুল মতিন ও মুসাভির ছসেনের হাতে তুলে দিয়েছিল সেই জেহাদি। সাতদিন রাসিচে থাকার পর গত ২১ মার্চ কলকাতায় ফেরে দুই জঙ্গি আবদুল মতিন ও মুসাভির ছসেন। সৈনিকি বেঙ্গালুরু থেকে আইএস জঙ্গি সংগঠনের এক মাথা মোজাম্মেল শেরিফ কলকাতায় এসে ধর্মতলা অঞ্চলে তাদের সঙ্গে দেখা করে। পলাতক অবস্থায় তাদের প্রত্যেকদিকের খরচ চালানো ও পরবর্তী সময়ে আরও কিছু নাশকতামূলক পরিকল্পনার জন্য নগদ এক লক্ষ টাকা দু’জনের হাতে তুলে দেয় ওই জঙ্গি নেতা। বেঙ্গালুরুতে বিস্ফোরণের তদন্তে গুত দুই জঙ্গিকে জেরা করে চাঞ্চল্যকর তথ্য পেয়েছে কেন্দ্রীয় তত্ত্বাবধায়ক সংস্থা এনআইএ। উল্লেখ্য, বেঙ্গালুরুক কাফেতে বিস্ফোরণের জন্য এই মোজাম্মেলই আবদুল মতিনদের হাতে তুলে দিয়েছিল বিস্ফোরক ক্যাফে বিস্ফোরণের ঘটনায় মোজাম্মেল শেরিফকে গত ২৭ মার্চ এনআইএ প্রেগার করে। তাকে জেরা করেই আবদুল মতিন ও মুসাভির হোসেনের কলকাতায় আসার তথ্য জানতে পারেন গোয়েন্দারা। এর পর বেঙ্গালুরু থেকে এনআইএর টিম এই মাসের প্রথম সপ্তাহে কলকাতায় এসে দুই জঙ্গির সন্ধানে তল্লাশি শুরু করে। বিস্ফোরণ ঘটানোর পর বেঙ্গালুরু থেকে মোমাই ও তেলেকানা হয়ে গত ১০ মার্চ কলকাতায় এসে পৌঁছেছিল দুই আইএস জঙ্গি। তাদের সঙ্গে সরাসরি যোগাযোগ ছিল বেঙ্গালুরুর দুই আইএস ‘মাজ মুনির আহমেদ ও মোজাম্মেল শেরিফের সঙ্গে। ‘ নামে অ্যাপটির মাধ্যমে মেসেজ আদানপ্রদান ও কথা বলত তারা। মোজাম্মেলই তাদের বলেছিল, রাঁচির অন্য এক আইএস মাথার সঙ্গে যোগাযোগ করে সেখানে গিয়ে গা ঢাকা দিতে। মোজাম্মেলের সঙ্গে কলকাতার আর কারও যোগ রয়েছে কি না খতিয়ে দেখছে তদন্তকারীরা।



অশান্তির আগুন সন্দেশখালিতে

দুরন্ত বার্তা, সন্দেশখালি, ১৪ এপ্রিল : ফের অশান্তির আগুন উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে। রবিবার সকালে সন্দেশখালির ভাতারখালি এলাকার হাটগাছিতে চারটি দোকানে আগুন লাগে। পুরো ভন্দীভূত হয়ে যায় চারটি দোকানই। এগুলির মধ্যে দুটি তৃণমূল কর্মীর এবং বাকি দুটি বিজেপি কর্মীর দোকান বলে স্থানীয় সূত্রে জানা গিয়েছে। রবিবার ভাতের ইন্ড্রজিং মণ্ডল-সহ দু’জন বিজেপি কর্মী এবং রণজি মণ্ডল-সহ দু’জন তৃণমূল কর্মীর দোকানে আগুন জ্বলতে দেখেন স্থানীয় বাসিন্দারা। খবর পেওয়া হয় পুলিশকে। ইন্ড্রজিং মণ্ডল ও তাঁর পরিবারের লোকের দাবি, তৃণমূলের আশ্রিত দুষ্কৃতীরা তাঁর দোকান ঘরে আগুন ধরিয়ে দিয়েছে। অনাদিকে, পাল্টা বিজেপির বিরুদ্ধে একই অভিযোগ তুলেছেন রণজিং এবং তাঁর পরিবারের সদস্যরা। আগুন কীভাবে লাগল, তা তদন্ত করে দেখছে পুলিশ।

জাপানের সাহায্যে চন্দ্রযান ৪-এর প্রস্তুতি নিচ্ছে ইসরো

১৪ এপ্রিল : চন্দ্রযান ৩ অতীত, এবার চন্দ্রযান ৪ নিয়ে কাজ শুরু করে দিল ইরান বলে মনে হচ্ছে। চন্দ্রযান-৩ এর সাফল্যের পর এখন আন্তর্জাতিক সংস্থাগুলিও ইসরাকে নিয়ে মুগ্ধ। তারাও এ ব্যাপারে আগ্রহ দেখাচ্ছে। এখন চন্দ্রযান-৪-এর ল্যান্ডার মডিউলটি ইসরো তৈরি করবে এবং জাপানের স্পেস এজেন্সি জাক্সা রোভার মডিউল তৈরি করবে। এনআইটি হামিরপুরের বার্ষিক টেক ফেস্ট নিম্নস প্রোগ্রামে ইসরোর বিজ্ঞানী সামনীতা ঠাকুর এই কথা জানিয়েছেন। ইসরোর বিজ্ঞানীরাও এখানে এসেছিলেন। সামনীতা ঠাকুর বলেন, ‘দুটি আন্তর্জাতিক সংস্থা

একযোগে কাজ করে তখন অনেক কিছু শেখার থাকে।’ তিনি বলেন, ছোটবেলা থেকেই দেশের জন্য

পরিকল্পনা করে ইসরো। কোথায় ঘাটতি ছিল এবং কোথায় আরও কাজ করতে হয়। পৃথানুপুথ মূল্যায়নের পরে, ল্যান্ডিং মডিউলটি পুনরায় ডিজাইন করা হয়েছে। এরপরই বর্ষাতাকে সাফল্যে পরিণত করার কথা ভাবতে বিজ্ঞানীদের বলেন ইসরোর চেয়ারম্যান এস সোমনাথ। ইসরোর বিজ্ঞানী জানান, ‘আমাদের মনোবল বাড়িয়ে দিয়েছে। এই মনোবল নিয়েই চন্দ্রযান ৬ ল্যান্ডার ডিকম এবং প্রজ্ঞান রোভারে সফল হয়েছে।’ চন্দ্রযান ৬-এর সফল অবতরণের পর এবার ইসরোর প্রতি আগ্রহ দেখাতে শুরু করেছে আন্তর্জাতিক সংস্থাটিও।



আলাদা কিছু করার ইচ্ছা ছিল। মহাকাশ বিজ্ঞানের ব্যবহার সাধারণ মানুষের জীবনে অনেক সাহায্য করে। ইসরোর প্র্যাটোটির অভিযানে চালিয়ে এবং সাফল্য উভয়ই থাকে। তিনজনে, চন্দ্রযান ২-এ ল্যান্ডার বিক্রমের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার কারণ কী তা নিয়ে

মুম্বইয়ে সলমনের বাড়ির বাইরে চলল গুলি, তদন্ত শুরু পুলিশের

মুম্বই, ১৪ এপ্রিল : মুম্বইয়ের বান্দ্রায় অভিনেতা সলমন খানের বাড়ির বাইরে চলল গুলি। রবিবার সকালে মুম্বইয়ের বান্দ্রায় সলমননের ‘গ্যালাক্সি অ্যাপার্টমেন্টে’র বাইরে পর পর বেশ কয়েক বার গুলির শব্দ শোনা যায়। মোটরবাইকে চেপে এসে দুই দুষ্টুতী বেশ কয়েক রাউন্ড গুলি চালায় বলে অভিযোগ। বিষয়টি নিয়ে তদন্ত শুরু করে দিয়েছে মুম্বই পুলিশ। কে বা কারা এই ঘটনার নেপথ্যে রয়েছে, খতিয়ে দেখছে পুলিশ। এর আগে, একাধিক বার প্রাণনাশের হুমকি পেয়েছেন সলমন। গ্যাংস্টার লরেন্স বিফোই সলমনকে প্রাণে মেরে ফেলার হুমকি দিয়েছে, এমনকি তাঁর শাগরুদেরা সলমননের বাড়িও জরিপ করে গিয়েছিল বলে সামনে আসে। তাই এই ঘটনায় উদ্বেগ ছড়িয়েছে।কেরিয়ারের শুরু থেকে এখনও পর্যন্ত ‘গ্যালাক্সি অ্যাপার্টমেন্টে’ টাই থাকেন সলমন। এদিন সকালে গুলি চলার সময় সলমন বাড়িতেই ছিলেন বলে জানা গিয়েছে। কমপক্ষে দুই-তিন রাউন্ড গুলি চলেছে বলে জানা গিয়েছে। মুম্বই পুলিশের অপরাধ দমন শাখা ঘটনাস্থলে পৌঁছেছে।

লা লিগাঃটানা চতুর্থ জয়ে বার্সেলোনাকে পেছনে ফেলল কার্লো আনচেলত্তির দল

বার্সেলোনা, ১৪ এপ্রিল : মায়োর্কাকে হারিয়ে বার্সেলোনার সঙ্গে ব্যবধান আরও বাাল রিয়াল মাদ্রিদ। শনিবার লা লিগায় ১-০ গোলে জিতেছে কার্লো আনচেলত্তির দল। ৬১ ম্যাচে ৭৮ পয়েন্ট নিয়ে শীর্ষস্থান মজবুত করল রিয়াল। এক ম্যাচ কম খেলে ৬১ ম্যাচে ৬৭ পয়েন্ট নিয়ে দুই নম্বরে আছে বার্সেলোনা। অর্থাৎ টানা চতুর্থ জয়ে আপাতত বার্সেলোনার চেয়ে ১১ পয়েন্টে এগিয়ে গেল কার্লো আনচেলত্তির দল।মায়োর্কার মাঠে প্রথমার্ধে বেশ নিশ্চুপ ছিল রিয়াল। তবে দ্বিতীয়ার্ধে ভালো ফর্মে ফিরেছিল তারা। প্রথমার্ধে তিন শট নিয়ে একটিও লক্ষ্যে না রাখতে পারা দলটি দ্বিতীয়ার্ধে ১৬টি শট নিয়ে ৯টিই লক্ষ্যে রাখতে পেরেছিল। ম্যাচের ৪৮-মিনিটে কাশ্চিভ গোালটি করেন চুয়ামেনি। শেষ পর্যন্ত এই একটি গোালই ম্যাচের ফল নির্ধারণ হয়ে যায়।

লুটনকে হারিয়ে লিগ টেবিলে চূড়ায় উঠল পেপ গুয়ার্ডিওলার দল

ম্যানচেস্টার, ১৪ এপ্রিল : ইংলিশ প্রিমিয়ার লিগের ম্যাচে শনিবার ৫-১ গোলে লুটনের বিরুদ্ধে জিতল ম্যানচেস্টার সিটি। গিগিরি হয়ে একটি করে গোল করেন অর্লিং হলান্ড, জেরেমি দোকু, মাতোও কোভাচিচ ও ইয়োশাকো ভার্দিওল, অন্য গোালটি আদ্রাভাট্টা। লুটনের হয়ে একটি গোল করেন রস বার্কলে।এই জয়ে ৬২ ম্যাচে সিটির পয়েন্ট হল ৭৩। এক ম্যাচ কম খেলে ৭১ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে আর্সেনাল। সমান ম্যাচে সমান পয়েন্ট নিয়ে লিভারপুল আছে তৃতীয় স্থানে। আজ লিভারপুল নিজেদের মাঠে ক্রিস্টাল প্যালেসের বিপক্ষে খেলবে। আর আর্সেনাল আতিথ্য দেবে আস্টন ভিলাকে। যারা ৬২ ম্যাচে ৬০ পয়েন্ট নিয়ে চতুর্থ স্থানে আছে।

সলমনের সঙ্গে কথা মুখ্যমন্ত্রী শিন্ডের

মুম্বই, ১৪ এপ্রিল:গত বছর থেকেই ক্রমাগত প্রাণনাশের হুমকি পাচ্ছেন অভিনেতা সলমন খান। তাছাড়া রবিবার সকালেই সলমননের বাড়ির বাইরে গুলি চলে, আর তারপরই সলমনের বাড়ির নিরাপত্তা অনেকটাই বাড়ানো হয়েছে।বদলে ফেলা হয়েছে তার গাড়ী। তার বাসভবন এখনও মুম্বইয়ের বান্দার ‘ অ্যাপার্টমেন্টট’। রবিবার সকাল ৫টা নাগাদ অভিনেতার বাড়ির সামনে চার রাউন্ড গুলি ছুড়ে চম্পট দেয় দুই অজ্ঞাতপরিচয় ব্যক্তি। ওই দু’জনের খোঁজে ইতিমধ্যেই তল্লাশি শুরু করেছে মুম্বই পুলিশ।তবে, এই ঘটনা একেবারে হালকা ভাবে নিচ্ছেন না মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথে শিন্ডে। সলমন খানের সঙ্গে এইতিমধ্যেই টেলিফোনে কথা বলেছেন মুখ্যমন্ত্রী শিন্ডে। পাশাপাশি মুম্বই পুলিশ কমিশনারের সঙ্গে আলোচনা করেছেন এবং সলমন খানের নিরাপত্তা বাড়ানোর পরামর্শ দিয়েছেন

ইসরায়েল গণহত্যা চলিয়েছে বলায় হুমকি পেলেন জাতিসংঘের বিশেষজ্ঞ

দূরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ ফ্রান্সেস্কা আলবানিজ-ফিলিস্তিনের গাজা ও পশ্চিম তীরের মানবাধিকার পরিস্থিতি নিয়ে জাতিসংঘের বিশেষ দূত। গত মঙ্গলবার তিনি একটি প্রতিবেদন উপস্থাপন করেন। তাতে তিনি বলেন, হামাসের বিরুদ্ধে সামরিক অভিযান শুরুর পর গাজার ইসরায়েলি বাহিনী গণহত্যা চালিয়েছে বলে বিশ্বাস করার যৌক্তিক প্রেক্ষাপট রয়েছে। এরপরই তিনি হুমকি পাওয়ার অভিযোগ

করেছেন।জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলে ফ্রান্সেস্কার উপস্থাপন করা প্রতিবেদনের শিরোনাম ‘ অব জেনোসাইড’। এ প্রতিবেদনকে চ্যাম্তভাবে খারিজ করে দিয়েছে ইসরায়েল। এরপর গতকাল বুধবার হুমকি পাওয়ার কথা জানান এ মানবাধিকার বিশেষজ্ঞ।নজিরের এ কাজের কারণে হুমকি পেয়েছেন কি না, জানতে চাইলে ফ্রান্সেস্কা বলেন, ‘ আমি হুমকি পেয়েছি। তবে এখন পর্যন্ত আমি অতিরিক্ত সতর্কতার

প্রয়োজন বোধ করিনি। আর চাপের কথা বললে, সেটা আছে। তবে তা কাজের প্রতি আমার প্রতিশ্রুতি কিংবা কাজের ফলাফল কোনোটা’ই বদলাতে পারবে না।’ফ্রান্সেস্কা ২০২২ সাল থেকে জাতিসংঘের বিশেষ দূতের দায়িত্ব পালন করছেন। তবে ইসরায়েলের বিরুদ্ধে যায়-এমন প্রতিবেদন প্রকাশের পর কী ধরনের হুমকি পেয়েছেন, সেটা খুলে বলেননি তিনি। এমনকি কে হুমকি দিয়েছে, সেটাও প্রকাশ করেননি এ

মানবাধিকার বিশেষজ্ঞ।ফ্রান্সেস্কা বলেছেন, ‘ খুব কঠিন একটি সময়। কাজের শুরুর দিক থেকেই আমি নানাভাবে আঘাতে র শিকার হয়েছি।’ইসরায়েলের পক্ষ থেকে ফ্রান্সেস্কার প্রতিবেদন খারিজ ক’রে বলা হয়েছে, ইসরায়েল রাষ্ট্রের সৃষ্টি ও অস্তিত্বের বৈধতাকে খারিজ করার চেষ্টা করেছেন এ বিশেষজ্ঞ। যদিও এমন অভিযোগ নাকচ করে দিয়েছেন ফ্রান্সেস্কা।

সংবিধান প্রণেতাকে শ্রদ্ধা নিবেদন অভিষেকের

কলকাতা, ১৪ এপ্রিল, ঃ ভারতের সংবিধান প্রণেতা বাবাসাহেব আম্বেদকরকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করলেন তৃণমূল নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায়।রবিবার অভিষেক এক্স হ্যান্ডলে লিখেছেন,

বাবাসাহেব আম্বেদকরের জন্মবার্ষিকীতে, আমি ভারতীয় সংবিধানের দূরদর্শী স্থাপ্তিকে আমার বিনম্র শ্রদ্ধা জানাই। যখন গণতন্ত্র এবং সাংবিধানিক নীতিগুলি হুমকির মুখে, এমন এক সময়ে আসুন আমরা

তাঁর শিক্ষা থেকে শক্তি অর্জন করি এবং তাঁর প্রিয় মূল্যবোধগুলিকে সমুন্নত রাখার চেষ্টা করি!প্রসঙ্গত, বাবাসাহেব ভারতের সংবিধানের খসড়া কার্যনির্বাহক সমিতির সভাপতি ও ভারতের সংবিধানের

মুখ্য রচয়িতা ছিলেন। ভারতীয় জাতীয়তাবাদী এবং ভারতের দলিত আন্দোলনের অন্যতম পুরোধাও ছিলেন। ২০১২ সালে খ্রিস্টি।ভি.১৮ অয়োজিত একটি বিশেষ অনুষ্ঠানে ভারতীয়দের ভেঁটে তিনি ‘ ভারতীয়’ নির্বাচিত হা।

বাংলার প্রতিষ্ঠা দিবসে ’শুভনন্দন’ মমতা বন্দ্যোপাধ্যায়ের

কলকাতা, ১৪ এপ্রিল, ঃ বাংলার প্রতিষ্ঠা দিবসে ‘ জানালেন পশ্চিম মবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।রবিবার তিনি এক্স হ্যান্ডলে লেখেন, বাংলার মাটি,

বাংলার জল, বাংলার বায়ু, বাংলার ফল--পুণ্য হউক, পুণ্য হউক, পুণ্য হউক হে ভগবানবাংলার প্রতিষ্ঠা দিবসে সকলকে জানাই শুভনন্দনা।আমাদের সরকারই পয়লা

বৈশাখকে বাংলার প্রতিষ্ঠা দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে এবং রবীন্দ্রনাথ ঠাকুরের বাংলার মাটি, বাংলার জল গানকে রাজ্য সঙ্গীত হিসেবে ঘোষণা করেছে -

এজন্য আমি গর্বিত।বাংলার ঐতিহ্যময় সংস্কৃতি ও সৌভ্রাতৃত্বের প্রতীক আজকের এই দিনটি।প্রসঙ্গত, গত বছরই মুখ্যমন্ত্রী বিধানসভায় দাড়িয়ে জানিয়েছিলেন,

বাংলার জন্য বিশেষ পুলিশ পর্যবেক্ষক প্রাক্তন আইপিএস অনিল কুমার শর্মাকে নিয়োগ করেছে নির্বাচন কমিশন

দূরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ লোকসভা ভোটে বাংলায় বিশেষ নজর নির্বাচন কমিশনের। বাংলায় নিয়ে আসা হচ্ছে বিশেষ পুলিশ পর্যবেক্ষক। অবসরপ্রাপ্ত আইপিএস অনিলকুমার শর্মাকে লোকসভা ভোটে বাংলার জন্য বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে নির্বাচন কমিশন।শুনির্বাচনের প্রেক্ষিতে গোটা রাজ্যের জন্য বিশেষ পুলিশ পর্যবেক্ষক হলেন অনিল কু মার শর্মা। মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয় থেকে পাওয়া খবরে জানা গিয়েছে, কয়েক দিনের মধ্যে বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসেবে নিয়ুক্ততার নবেন

তিনি। অবসরপ্রাপ্ত আইপিএস অনিল কুমার শর্মা এক সময়ের দুঁদে অফিসার ছিলেন। জাতীয় নির্বাচন কমিশনের পক্ষ থেকে আগেই জানানো হয়েছিল যে, এবার আইনশৃঙ্খলার ক্ষেত্রে কোনও রকম আপোশ করা হবে না। সেই জন্য নির্বাচনের বেশ কয়েকদিন আগে অনিল কুমার শর্মার মতো অভিজ্ঞ প্রাক্তন আইপিএস অফিসারকে রাজ্যে বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করা হল।লোকসভা নির্বাচনের জন্য সারা দেশ জুড়ে নিয়োগ করা হয়েছে মোট ২ হাজার ১০০ পর্যবেক্ষক। এই পর্যবেক্ষকদের মধ্যে রয়েছেন অতিরিক্ত পুলিশ ও

ফাইন্যান্স পর্যবেক্ষক। লোকসভা নির্বাচন সম্পর্কিত সমস্ত বিষয় নিয়ে কড়া নজরদারি চালাবেন এই দুই হাজার ১০০ জন পর্যবেক্ষক। ১৭ ভম লোকসভা নির্বাচনের নির্ধর্ত প্রকাশ হতে আর মাত্র বাকি হাতে গোনা কয়েকদিন। ইতিমধ্যেই রাজ্যে এসে ঘুরে গিয়েছে জাতীয় নির্বাচন কমিশনের ফুল বৈশ্য। আসন্ন লোকসভা নির্বাচনকে সবদিক থেকে স্বচ্ছ ও নিরপেক্ষ করে তুলতে এইবার একাধিক পদক্ষেপ করেছে জাতীয় নির্বাচন কমিশন যেগুলি এই লোকসভা নির্বাচনের ক্ষেত্রেই একবারেই নতুন।গত বুধবারই জাতীয়

নির্বাচন কমিশনের দিল্লির প্রধান কার্যালয়ে পর্যবেক্ষকদের সঙ্গে উচ্চপর্যায়ের বৈঠক করেন মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার। মূলত বিভিন্ন বিভাগের আইএএস ও আইপিএস আধিকারিকদের নিয়ে এই বৈঠকে বসেছিলেন রাজীব কুমার। বৈঠকেই সিদ্ধান্ত নেওয়া হয়, ভোটে নজরদারির জন্য সারা দেশ জুড়ে ৯০০ জন সারায়ণ পর্যবেক্ষক যুক্ত করল জাতীয় নির্বাচন কমিশন। এছাড়াও ৪৫০ জন পুলিশ পর্যবেক্ষকে যুক্ত করা হয়েছে এবং ৮০০ জন অতিরিক্ত পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে।

’বহরমপুরে অধীর তৃতীয় স্থানে থাকবে’,দাবি শুভেন্দুর, পাল্টা কী বললেন চৌধুরী

দূরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃঅধীর-গুডে দাঁড়িয়েই তাঁকে চ্যালেঞ্জ ছুড়ে দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুধু তাই নয়, মালদা, মুর্শিদাবাদের পাঁচটি আসনেই জয় নিশ্চিত বলে ভবিষ্যদ্বাণী করলেন। পাল্টা প্রতিক্রিয়ায় অধীরের গলায় অবস্থা কোনও বাঁধা শোনা যায়নি।বহরমপুরে টেক্সটাইল কলেজের মোড়ে বুধবার বিজেপির সভা ছিল। ওই কেন্দ্রে বিজেপির প্রার্থী পেশায় চিকিৎসক নির্মলচন্দ্র সাহা। সেখানেই শুভেন্দু বলেন, ‘ পিছনে সিআরপিফ এবং সামনে যে

পুলিশ এসকর্ট গাড়ি নিয়ে যোরেন, কার দয়ায় জানেন তো? আমাদের প্রধানমন্ত্রীর দয়ায়। কংগ্রেসের কাছে ১০ শতাংশ সাংসদ ছিল না। বিরোধী দলের মখদা কংগ্রেসের পাওয়ার কথা নয়।’’ এর পরেই নিজের প্রসঙ্গ তোলেন শুভেন্দু। তিনি বলেন, ‘ ৬০ জন বিধায়ক লাগে বিরোধী দলনেতার স্বীকৃতি পেতে। যেমন আমাদের ৭৭ জন বিধানসভায় ছিল। তাই আমি বিরোধী দলনেতা। আমাকে কেউ দ্বন্দ্ব করো যেমনি, পাটি মনোনীত করেছে। সংবিধান আমাকে স্বীকৃতি দিয়েছে।’’ তাঁর কথায়, ‘

যে বিরোধী দলনেতার তকমা নিয়ে যোরেন তার নম্বর আছে কংগ্রেসের? আমাদের মৌদীজি রাজধর্ম পালন করেন। তিনি মনে করেন সংসদীয় গণতন্ত্রে যেমন শাসকের প্রয়োজন আছে, তেমনই প্রয়োজনে আছে বিরোধীদের। অধীরবাবুর সব ফটকটানি ভারতে বিজেপি আছে বলে। এ বার সব ফটকটানি বন্ধ হতে বাবে।’’ নন্দীগ্রামের বিধায়কের কথায়, ‘হিসাবে কংগ্রেসের কথা না-ই বা বললাম। আমি দায়িত্ব নিয়ে বলে যাছি, পশ্চিমবঙ্গে কংগ্রেস খাতা খুলতে পারবে না। বিধানসভায়

নিশ্চিহ্ন হয়ে গেছে। লোকসভা ভোটে কংগ্রেসের আসন দেশে ২০-র নীচে থাকবে।’’অধীর বলেন, ‘ দেওয়া হয় আমার ব্যক্তিগত স্টেটাস অনুযায়ী। আর বিরোধী দলনেতার ব্যাপারটা সংসদীয়।’’ অধীর চৌধুরীকে শুভেন্দুর আক্রমণ ও অধীর টেক্সট্রার পাশ্চ্য প্রতিক্রিয়া নিয়ে তৃণমূল মুখপাত্র শান্তনু সেন বলেন, ‘নির্ধনি ধরলেই বলছি রাজ্যের কংগ্রেস বিজেপির সঙ্গে চোপন অঁতাত করে চলছে। প্রদেশ কংগ্রেস সভপতি বিজেপির হাতে তমাক খাচ্ছে। বিজেপির কথাতে আজকে আমাদের অস্ত্রযোগের সত্ৰতা প্রমাণ হল।’’

অভিজিৎ দু’একটা ‘ছায়া’ দেখছেন কুণাল !বললেন, তৃণমূল বিরোধী মনোভাব কাজ করছে

দূরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ নির্বাচনের আগে সন্দেহখালিকাণ্ডে সিরিআই তদন্তের নির্দেশকে ‘ বলল তৃণমূল। সেই সঙ্গে সরাসরি বিচারপতিদের একটি অংশকেও নিশানা করলেন শাসকদলের নেতা কুণাল ঘোষ। আদালত, বিচারব্যবস্থা এবং বিচারপতিদের প্রতি ‘ আস্থা’ জানিয়েই কুণাল বলেন, ‘ কোনও চড়াসূরের রায় আসে, যা সরকার বিরোধী, তখন মনে হয়, অভিজিৎ গঙ্গোপাধ্যায় গিয়েছেন। কিন্তু তাঁর দু’একটি ছায়া চেয়ারে রেখে গিয়েছেন।’’ কুণালের বক্তব্য, ‘ গঙ্গোপাধ্যায় চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়ে গিয়েছেন, নির্দিষ্ট রাজনৈতিক অভিসন্ধি নিয়ে রায় দেওয়া হতা। তার পর তিনি সরাসরি বিজেপিতে যোগ দিয়েছেন।’’বিচারপতির কা

ইত্তফা দিয়ে আসন্ন লোকসভা ভোটে তমলুক লোকসভা কেন্দ্রে বিজেপির প্রার্থী হয়েছেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়।শুবিচারপতি পদ ছেড়ে বিজেপিতে যোগ দেওয়ার আগে অভিজিৎ গঙ্গোপাধ্যায় যে যে নির্দেশ দিয়েছিলেন দুর্নীতি মামলায় তার অধিকাংশ রূপের বিরুদ্ধেই প্রস্তুত বলে তৃণমূল। স্পষ্ট দাবি, অভিজিৎ গঙ্গোপাধ্যায় রাজনৈতিক উদ্দেশ্য নিয়েই রায় দিয়েছিলেন। সঃ দশখালির ঘটনায় সিরিআই তদন্তের নির্দেশ আসার পরই এই প্রসঙ্গ টেনেছে তৃণমূল। বিচারব্যবস্থা এবং বিচারপতিদের প্রতি ‘ আস্থা’ রেখেই এই রায়কে উদ্দেশ্যপ্রণোদিত বলেছেন কুণাল ঘোষ। কোনও

সরকার বিরোধী কড়া নির্দেশ এলেই মনে হয় অভিজি গঙ্গোপাধ্যায় চলে গেছেন, কিন্তু কয়েকটি ছায়া রেখে গেছেন! এমনই বলছেন তৃণমূল নেতা। তাঁর বক্তব্য, ‘’অভিজিৎ গঙ্গোপাধ্যায় চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন, আদালতের মধ্যে সরকার বিরোধী, তৃণমূল বিরোধী, বিজেপি পক্ষী মনোভাব কাজ করছে। একজন পদ ছেড়ে বিজেপিতে নাম লিখিয়েছেন। আরও কয়েকজন অভিজিৎ এরপর তালিকা রাখছেন কিনা তা নিয়ে সন্দেহ।’’ শুকুণাল বারবার বলে গেছেন, তাঁরা বিচারব্যবস্থাকে পূর্ণ সমর্থন করেন, বিচারপতিদের প্রতি তাদের সম্পূর্ণ আস্থা আছে। তাও একে একে তাঁর আক্রমণের নিশানায় ছিলেন সেই বিচারপতিরাই। কুণালের দাবি, বিচারপতিদের মধ্যে যে বিজেপির

প্রতি সহানুভূতিশীল এবং তৃণমূল-বিরোধিতার মানসিকতা রয়েছে, তা অভিজিৎ গঙ্গোপাধ্যায়ই প্রমাণ করে দিয়েছেন। এখন কেউ হয়তো সরকারকে বিশ্বাসায় ফেলতে বা, ভোটেের আগে বিজেপিকে বাতি অন্ধ্রাজেন দিতে চাইছেন! ভ্রম্বাংগেই সংসদখালিতে শাহজাহানের বাড়িতে তল্লাশি করতে গিয়ে ই ডির আধিকারিকদের উপর হামলায় ঘটনায় সিরিআই তদন্তের নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। এবার সঃ দশখালিবাসীর বাকি সমস্ত অভিযোগের ত দন্ত ভারও সিরিআই-এর হাতে গেল। বুধবার প্রধান বিচারপতি টিএস শিবক্সনাম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ এই নির্দেশ দিয়েছে।

গঙ্গারামপুরে সাংগঠনিক বৈঠক সুকান্ত মজুমদারের, মুখ্যমন্ত্রী ও ব্রাত্য বসুকে অপদার্থ বলে কটাক্ষ

দক্ষিণ দিনাজপুর,৪এপ্রিলঃ লোকসভা নির্বাচনের দিন যতই এগিয়ে আসছে ততই শাসক ও বিরোধী দলের নির্বাচনী প্রচার জনসংযোগ ও একে অপরকে কটাক্ষ করার নিদান চলছে যারপানাই হাটো। লোকসভা নির্বাচনে শাসক ও বিরোধী দল দক্ষিণ দিনাজপুর জেলা জুড়ে নিজেদের সংগঠনকে আরো মজবুত করতে জেলার বিভিন্ন প্রান্তে একের পর এক নির্বাচনী প্রচার ও জনসংযোগ করছেন ভোট বৈঠকী পার করার জন্য দলের সর্বোচ্চ নেতৃত্বদানের জেলায় নিয়ে এসে। দক্ষিণ দিনাজপুর জেলার সদর শহর বালুরঘাট তথা বালুরঘাট লোকসভা কেন্দ্রের নির্বাচনের দিন

আগামী ২৬শে এপ্রিল। শনিবার দুপুরে দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর শহরের রবীন্দ্রভবনে জেলা বিজেপির উদ্যোগে গঙ্গারামপুর শহর বিজেপির ব্যবস্থাপনায় একটি সাংগঠনিক জেলা বিজেপির সভাপতি তথা বালুরঘাট লোকসভা কেন্দ্রের বিজেপির প্রার্থী সুকান্ত মজুমদার, গঙ্গারামপুর বিধানসভা বিজেপির বিধায়ক সত্যেন্দ্রনাথ রায় সহ জেলা বিজেপির বিশিষ্ট নেতৃত্বর। সেদিন রবীন্দ্র ভবনে মূলত আগামী মৌদীপ্রাক্তন নির্বাচনের সামনে রেখেই এই সাংগঠনিক বৈঠকের আয়োজন করা হয় বলে বিজেপি সূত্রে খবর।

এদিন মঞ্চে উঠেই সুকান্ত মজুমদার তৃণমূল কংগ্রেস দলকে এক হাত নিয়ে মুখ্যমন্ত্রী ও রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে অপদার্থ বলে কটাক্ষ করেন। পাশাপাশি বালুরঘাট লোকসভা কেন্দ্রের তৃণমূলের প্রার্থী তথা রাজ্য ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্রকেও কটাক্ষ করেন সুকান্ত মজুমদার। পাশাপাশি তিনি এই সভা মঞ্চ থেকে সকলকে আগামী ২৬শে এপ্রিল পঞ্চদশই চিহ্নে ভোট দেওয়ার জন্য আহ্বান জানান। অন্যদিকে, চলতি মাসের আগামী ১৬ই এপ্রিল দক্ষিণ দিনাজপুর জেলার সদর বালুরঘাট রেল স্টেশন ময়দানে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সুকান্ত মজুমদারের সমর্থনে এক

জনসভা করতে আসছেন সেখানে সকলকে উৎপত্তি হওয়ার জন্য আহ্বান জানান। পাশাপাশি তিনি জানান, বিজেপি জিতলে অন্নপূর্ণা ভান্ডার প্রকল্প চালু করে মহিলাদের দু থেকে তিন হাজার টাকা করে দেওয়া হবে। অপরদিকে সাংগঠনিক বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে দক্ষিণ দিনাজপুর জেলাতে বিজ্ঞবিদ্যালয় নিয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে কটাক্ষ করেন। তিনি বলেন, যেখানেই ব্রাত্য বসুকে দেখতে পাবেন তার কলার টেনে ধরুন বলে তিনি নিদান। এইদিন এই সাংগঠনিক বৈঠকে বিজেপির প্রত্যেকের উপস্থিতি ছিল যথেষ্ট লক্ষণীয়।

পয়লা বৈশাখে ভক্তদের ঢল তারাপীঠে, মঙ্গলারতির মধ্য দিয়ে তারামায়ের পূজাচনা


তারাপীঠ, ১৪ এপ্রিল : বাংলা নতুন বছরের প্রথম দিন ভক্তদের ঢল নামল তারাপীঠ মন্দিরে। দূর দূরান্ত থেকে তারামায়ের পূজো দিতে এসেছেন অসংখ্য ভক্তরা। রবিবার সকালে মঙ্গলারতি দিয়ে তারামায়ের পূজো শুরু হয়। বাংলা বছরের প্রথম দিন নতুন পোশাক পরে পূজো দিতে এসেছেন অনেকেই। এদিন খাতা পূজো দিয়ে ব্যবসা শুরু করেন অনেক ব্যবসায়ী।ভিড নিয়ন্ত্রণের জন্য একাধিক ব্যবস্থা নেওয়া হয়েছে তারাপীঠ মন্দির কমিটি ও পুলিশের উদ্যোগে। মন্দির চত্বরে বাড়তি নিরাপত্তা ও পুলিশ মোতায়েন করা হয়েছে। তৈরি করা হয়েছে বাঁশের ব্যারিকেড। আর বাংলা নববর্ষের প্রথম দিন তারাপীঠে পূজো দিলেন বীরভূম লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দেবাশিস ধরা। ভোটে জয় চাওয়ার পাশাপাশি, মানুষের না-পাওয়াগুলো যাতে পূরণ করতে পারেন সেই প্রার্থনাও করেছেন বলে জানান বীরভূমের বিজেপি প্রার্থী।

মৌদীজির নেতৃত্বে দেশবাসীকে দেওয়া প্রতিটি প্রতিশ্রুতি পূরণ করেছে বিজেপিঃরাজনাথ সিং



নয়াদিল্লি, ১৪ এপ্রিল : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশবাসীকে দেওয়া প্রতিটি প্রতিশ্রুতি পূরণ করেছে বিজেপি। জোর দিয়ে বললেন প্রতিরক্ষা মন্ত্রী তথা বিজেপি নেতা রাজনাথ সিং। তিনি বলেছেন, ২০১৪ সালের সংকল্প পত্র হোক অথবা ২০১৯-এর ইস্তেহার, মৌদীজির নেতৃত্বে আমরা প্রতিটি প্রতিশ্রুতি পূরণ করেছি।বিজেপি রবিবার নিজেদের নির্বাচনী ইস্তেহার প্রকাশ করেছে - প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং দলের সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডার উপস্থিতিতে আসন্ন লোকসভা নির্বাচনের জন্য ‘সংকল্প পত্র’ প্রকাশ করা হয়। নির্বাচনী ইস্তেহার প্রকাশ করার আগে রাজনাথ সিং বলেছেন, প্রধানমন্ত্রী মৌদীজির নেতৃত্বে আমরা গত ৫ বছরে সংকল্প ভারত-শক্তিশালী ভারতের সংকল্প পূরণে সফলভাবে কাজ করেছি। এখন আমরা ভারতে ১৪০ কোটি নাগরিকের সামনে আমাদের নতুন ইস্তেহার পেশ করছি।

ইজরায়েলে ড্রোন হামলা ইরানের, উদ্বেগ প্রকাশ ভারতের



তেল আভিভ, ১৪ এপ্রিল : আশঙ্কা সত্তি হল। রবিবার ভোর হতে না হতেই ইজরায়েলে হামলা চালিয়ে দিল ইরান। জানা গেছে, ইজরায়েলে শতাধিক মিসাইল ও ড্রোন হামলা চালিয়েছে ইরান।ইজরায়েলের সেনাবাহিনী জানিয়েছে, ভোররাত থেকেই তাদের দেশে শতাধিক মিসাইল নিক্ষেপ করেছে ইরান। এই আবহে জর্ডন, ব্রিটিশ এবং মার্কিন বাহিনী সাহায্য করেছে ইজরায়েলকে। এই তিন দেশের বাহিনী নাকি ইরানের একাধিক ড্রোনকে গুলি করে নার্মিয়েছে।উল্লেখ্য, পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতির নিষে গুরুতর উদ্বেগ প্রকাশ করে তা নিয়ন্ত্রণের আর্জি জানিয়েছে ভারত। বলা হয়েছে, ইজরায়েল এবং ইরানের মধ্যে বৈরিতায় আমরা গুরুতর উদ্বিগ্ন, যা সেই অঞ্চলে শান্তি এবং নিরাপত্তার ক্ষেত্রে হুমকিস্বরূপ। আমরা দ্রুত এই পরিস্থিতির সমাাপ্তি চাইছি। সংঘম রেখে সহিংসতার পথ থেকে সরে আসার আহ্বান জানানো হয়েছে। ভারতের পাশাপাশি এই ঘটনার নিন্দা করেছে অস্ট্রেলিয়া, কানাডা সহ একাধিক দেশ।

যথায়থ মর্যাদায় দেশজুড়ে পালিত আশ্বেদকর জয়ন্তী, শ্রদ্ধার্থ রাষ্ট্রপতি-সহ বিশিষ্টদের



নয়াদিল্লি, ১৪ এপ্রিল :যথায়থ মর্যাদার সঙ্গে রবিবার সংবিধান প্রণেতা বাবা সাহেব ডঃ ভীমরাও আম্বেদকরের জন্মদিনটি পালিত হচ্ছে দেশজুড়ে। সারা দেশে এই উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আম্বেদকর জয়ন্তীতে শ্রদ্ধার্থ নিবেদন করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রমুখরা।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এক বার্তায় জানান, সমাজ পরিবর্তনের পথিকৃ এবং বহুমুখী ব্যক্তিত্ব বাবাসাহেব আম্বেদকর আইনজ্ঞ, শিক্ষাবিদ, অর্থনীতিবিদ, সমাজ-সংস্কারক এবং রাজনৈতিক নেতা হিসাবে দেশ ও সমাজে অসামান্য অবদান রেখেছেন। রাষ্ট্রপতি জানান, বর্তমান সময়েও সাংবিধানিক ব্যবস্থার প্রতি তাঁর দৃঢ় বিশ্বাস ভারতীয় গণতন্ত্র ও সুশাসনের ভিত্তি।

নববর্ষে দুই প্রধানের বারপুজো

কলকাতা, ১৪ এপ্রিল : প্রতি বছরের মতো এ বছরও পয়লা বৈশাখে ময়দানলে দুই প্রধান মোহনবাগান ও ইস্টবেঙ্গল ক্লাবে বার পুজো হল। সকাল সকাল ময়দানে বারপুজো হল। ইস্টবেঙ্গলের বারপুজোয় উপস্থিত ছিলেন কোচ কার্লোস কুয়াদ্রাত। টিমের তারকা ফুটবলার সৌতিক,

পূর্ণাঙ্গ পঞ্জিকা

ক লকাতা, ১৫এপ্রিল মার্চ : রবিবার, ২ বৈশাখ মাস ১৪৩১ বঙ্গাব্দ, ইংরেজীঃ১৫এপ্রিল : ২০২৩, ৫৫৬ টৈতনমাল, কলিঃ ৫১২৩, সৌরঃ২ বৈশাখ মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাংঘ, ২৫৬৫ বৃদ্ধাব্দঃ, বাংলাব্দঃ ১৫এপ্রিল মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২ বৈশাখ মাস ১৯৪৪, মেতেঃ ১১৪ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০৫ঃ৫ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(চ) এবং অস্তরারাত্রি ১ঃ১১ঃ ৫০(চ)।শুক্ল পক্ষ তিথিঃসপ্তমী (ভজা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৫০ পর্যন্ত পরে পূনর্বসুকরণঃরবিজ় রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৫০ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃগনি ০৫ঃ২৪ঃ০১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১১ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ০৬ঃ০২ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত।মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৬ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ১২ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ৪৪ঃ২২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৪ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য) উদয় কালীনাঃরবিঃ১১২৪ঃ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫ঃ০০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫ঃ৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেণ্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি রবিবার। জোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাতঃ৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬টা ১০মিনিটে এবং সূর্য অস্ত্য যাবে ঃ ৬ টা ০৫ মিনিটে।

রাশিফল

মেঘরাশিঃআপনার বিরাট আস্থা এবং সহজ কাজের সময়সূচী আপনাকে আজ আরাম করতে যথেষ্ট সময় দেবে। এমন জিনিস কোনোর পক্ষে আদ্যব দিন যার দাম বাড়বে। পরিবারের সদস্যদের সাথে একটি শান্তিপূর্ণ এবং নির্ঝগড়া দিন উপভোগ করকুন- যদি মানুষেরা সমস্যা নিয়ে ।
বৃষভ রাশিঃআপনি আপনার দিন যোগ এবং ধান দিয়ে শুরু করতে পারেন। এটি করা আপনার পক্ষে। উপকারী হবে এবং আপনি সারা মিথুন রাশিঃ

অপ্রিয় প্রশ্নে বিতর্কে জড়ালেন বিজেপি প্রার্থী

নদিয়া, ১৪ এপ্রিলঃ বিতর্কে জড়ালেন বিজেপির সহ-সভাপতি তথা রানাঘাটের বিদায়ী সাংসদ জগন্নাথ সরকার। আগামী লোকসভা নির্বাচনে রানাঘাট থেকে তিনি বিজেপির প্রার্থীর হয়েছেন। রবিবার নববর্ষের সকালে শান্তিপুরে জগন্নাথ মন্দিরে পূজো দিতে যান। সেখানেই তিনি বিতর্কে জড়ান। পুজোর পরে স্থানীয়দের সঙ্গে জনসংযোগ করেন তিনি। সেই সময় স্থানীয় এক মহিলার ক্ষোভের মুখে পড়েন জগন্নাথ। মহিলার মুখে তাঁকে গোবিন্দপুর এলাকায় দেখা যায় না শুনে তর্কে জড়িয়ে পড়েন রাজ্য স্থানীয় সূত্রে জানা গিয়েছে, নববর্ষ উপলক্ষে জগন্নাথ মন্দিরে পুজো দেন দীক্ষার্থী সাংসদ। পুজো দিয়ে বেরিয়ে যাওয়ার সময় সেখানে উপস্থিত এক মহিলা জগন্নাথকে এলাকায় দেখা যায় না, এই অভিযোগ তুলে তাঁর সামনেই ক্ষোভ উগড়ে দেন।

রাম মন্দিরে ১৫ থেকে ১৮ এপ্রিল কোনও ভিআইপি দর্শন হবে না

অযোধ্যা, ১৪ এপ্রিলঃ উত্তর প্রদেশের অযোধ্যার রাম মন্দিরে ১৫ থেকে ১৮ এপ্রিল কোনও ভিআইপিকে আলাদা করে দর্শন করানো হবে না। রাম নবমীতে শ্রী রাম জন্মভূমি মন্দিরে রামলালার ভিআইপি দর্শন সম্ভব হবে না। সেজন্য শ্রী রাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্ট ১৫ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত যেকোনও ধরনের ভিআইপি দর্শন সম্পূর্ণ নিষিদ্ধ করেছে। এই সময়ের মধ্যে যেকোনও ধরনের ভিআইপি দর্শন এবং আগে থেকে তৈরি ভিআইপি পাস নিষিদ্ধ করা হয়েছে। শ্রী রাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্ট রবিবার এই নির্দেশিকা জারি করেছে। আগামী ১৫ এপ্রিল থেকে ১৮ এপ্রিল পর্যন্ত যেকোনও ধরনের ভিআইপি দর্শন ও ভিআইপি পাসের ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা রয়েছে। এই সময়ের মধ্যে ভক্তরা সুগম দর্শন পাস এবং আরতি পাস ব্যবহার করতে পারবেন না। ১৫ এপ্রিল থেকে ১৮ এপ্রিলের মধ্যে অনলাইনে করা পাস বাতিল করা হয়েছে। ট্রাস্টের সাধারণ সম্পাদক চম্পত রাই রাম লালার জন্মবার্ষিকী উপলক্ষে মোবাইল ফোন নিয়ে রাম জন্মভূমিতে না আসার জন্য জগনগকে আবেদন করেছেন।



বর্ষশেষ ও বর্ষবরণ শান্তিনিকেতনে

দূরন্ত বার্তা, শান্তিনিকেতন, ১৪ এপ্রিলঃ শান্তিনিকেতনে চৈত্র সঙ্ক্রান্তিতে বর্ষ বিদায় জানাতে জহরবেদীতে সাদা আলপনা এবং তা শেষ হতেই বর্ষবরণে অভ্যর্থনায় সেই আলপনাকে রঙিন করে তোলার মধ্য দিয়ে শুরু বর্ষবরণ উৎসব। রবিবার সকাল পাঁচটায় গৌরপ্রাক্শনে বৈতালিকের মধ্যে দিয়ে শুরু হয় বর্ষ বরণ। সকাল সাতটায় উপান্যাসগৃহে হয় উপাসনা। সকাল নটায় ঘটাতলায় অনুষ্ঠিত হয় বর্ষবরণ অনুষ্ঠান। গৌরপ্রাক্শনে সন্ধ্যা সাড়ে ছটায় নৃত্য নাট্য চণ্ডালিকা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, আগে বর্ষবরণ ও গুরুদেবের জন্ম দিন এক সঙ্গে পালিত হত। কারণ প্রচণ্ড দাব দাহ ও জল কষ্টের জন্য বিশ্বভারতীতে ছুটি পড়ে যেত। অর্থাৎ ২৫ বৈশাখ ছুটি থাকত। এখন সেই পরিস্থিতি নেই। তাই ২৫ শে বৈশাখে আলাদাভাবে গুরুদেবের জন্ম দিন পালিত হয়। বিশ্বভারতীতে প্রথম নববর্ষ পালিত হয় ১৯৬৬ সালের ১৫ এপ্রিল। বাংলা ১৩৪৩ সালে। ১৯৪১ সালের ১৪ এপ্রিল তথা বাংলা ১৩৪৮ সালের ১লা বৈশাখ বর্ষ বরণের দিন কবির জীবদ্দশায় শেষ জন্ম দিন পালন হয়।

চৈত্র সেলে কেনাকাটা করলেন হুগলি লোকসভার বিদায়ী সাংসদ



দূরন্ত বার্তা, হুগলি, ১৪ এপ্রিলঃ পয়েলা বৈশাখের আগের দিন রাতে চৈত্র সেলে রাস্তার মানুষের ভিড়ে দাঁড়িয়ে কেনাকাটা করলেন হুগলি লোকসভার বিদায়ী সাংসদ এইবাবের বিজেপির প্রার্থী লকেট চট্টোপাধ্যায়। চুঁচড়ার ঘড়ির মোর বাজারে গিয়ে বিজেপি কর্মীদের সঙ্গে করলেন কেনা কাটা। জানালেন ছোটবেলার স্মৃতির কথাও। বললেন ছোটোবেলায় শ্যামবাজারে হাতিবাগানে যেতেন প্রতিবছর। চা খেতে খুবই ভালবাসেন নিজেই জানিয়েছেন হুগলির বিদায়ী সাংসদ। সারাদিন ব্যস্ত থাকছেন প্রচার জনসংযোগে। তাই চৈত্র সেলে উপচে পড়া ভিড় চুঁচুড়ায়। চুঁচুড়া ঘড়ির মোর থেকে নেতাজি সুভাষ রোড ধরে রাস্তার দুপাশে দোকান গুলোতে শেষ বেলায় কেনাকাটায় ব্যস্ত সাধারণ মানুষ। সেখানেই হুগলির বিজেপি প্রার্থী জনসংযোগ করলেন সেলে কেনাকাটাও করলেন। লকেট বললেন, দক্ষিণেশ্বরে বাড়ি, সেখান থেকে ছোটবেলায় শ্যামবাজার-হাতিবাগানে সেলে কেনাকাটা করতে যেতেন। পরে তার মা কিনে এনে রিভেনে জামা কাপড়। অভিনয় জগতে যাওয়ার পর তা আর সেলে কিনে রিভেনীতিতে আছেন সাংসদ হয়েছেন তাই ইচ্ছা থাকতো ও হারিয়ে বাজার করা হয়ে ওঠে না। এই দিন তারকা প্রার্থীকে রাস্তায় দেখে মানুষের ভিড় উপচে পড়ে ছবি সেলফি তোলার ও হাত মেলানোর জন্য। মানুষের সাথে হাত মিলিয়ে জনসংযোগ করে প্রচারের ফাঁকে, চৈত্র সেলে কেনাকাটা করলেন বিদায়ী সংসদ তথা বিজেপিপ তারকা প্রার্থী লকেট চট্টোপাধ্যায়।

পালিত হলো পশ্চিমবঙ্গ দিবস

দূরন্ত বার্তা, উল্বেড়িয়া, ১৪ এপ্রিলঃ পশ্চিমবঙ্গ দিবস পালিত হলো উল্বেড়িয়া পৌরসভার উদ্যোগে নানান সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে। রবিবার পয়লা বৈশাখ ১৪৩১ বাংলা নববর্ষ, এছাড়াও এই দিন পশ্চিমবঙ্গ দিবস হিসেবে পালন করা হলো। সকালে বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের সদস্য ও বিভিন্ন স্থানীয় মানুষের উপস্থিতিতে শুরু হয় প্রভাতফেরি, পরে উল্বেড়িয়া পৌরপ্রাক্শনে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম,বাবাসাহেব ডা,ভীমরাও আম্বেদকর সহ একাধিক মনীষীদের প্রতিকৃতিতে ছালাদান সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেনউল্বেড়িয়া পূর্বের বিধায়ক বিশেষ রঞ্জন বসু,উল্বেড়িয়া পৌরসভার পৌরপ্রধান অভয় কুমার দাস, উপপৌরপ্রধান সেখ ইমামুর রহমান, য়োরম্যান হুন কাউন্সিল সেখ আকবর আলি,পৌরমাতা শুক্লা ঘোষ, তানভি নিয়াম মোল্লা পৌরপিতা হাসিবুর রহমান, বাদশা মিন্দে, অরুন দাস সহ অন্যান্য।

পয়লা বৈশাখ সকালে হাওড়ায় দলের কেন্দ্রীয় নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন করলেন মন্ত্রী অরুণ রায়

সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিভিন্ন প্রশ্নের জবাব দিলেন মন্ত্রী

দূরন্ত বার্তা, হাওড়া, ১৪ এপ্রিলঃ আসন্ন লোকসভা নির্বাচন পরিচালনার ক্ষেত্রে তৃণমূল কংগ্রেসের কেন্দ্রীয় নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন হয়ে গেল পয়লা বৈশাখের সকালে। রবিবার মধ্য হাওড়ার নেতাজি সুভাষ রোডে এর উদ্বোধন করলেন মন্ত্রী অরুণ রায়। পাশাপাশি বাংলা নববর্ষের এই দিনে বাংলা দিবস উদযাপন করা হয় দলের তরফে।

রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন দপ্তরের মন্ত্রী অরুণ রায় জানান, এই কার্যালয় থেকেই আগামী লোকসভা ভোটের সমস্ত কাজ পরিচালনা করা হবে বলে। আমরা প্রতিটি নির্বাচনেই মধ্য হাওড়ায় কেন্দ্রীয় নির্বাচনী কার্যালয় করি। এই বছরে ১লা বৈশাখ এই শুভ দিনটিকে বেছে নেওয়া হয়েছে কার্যালয় উদ্বোধনের জন্য। এই জায়গা থেকেই মধ্য হাওড়ার নির্বাচন পরিচালনা করা হবে। ডিলিমিটেশনের পর এখানে ২১টা ওয়ার্ড হয়েছে। ৩১৩টা বুথের

প্রতিটি কর্মী জয়ের জন্য ঝাঁপিয়ে পড়েছেন। এই কার্যালয় থেকেই নির্বাচনের সমস্ত কর্মসূচি পরিচালিত হবে। আমাদের লক্ষ্য আগের বছরের তুলনায় এই বছর আরও বেশি ভোটে জয়লাভ করা। এদিন সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অরুণ রায় বলেন, রাজ্য সরকার সবসময় স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করছে। ২০১১ সালে ক্ষমতায় আসার পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পুলিশকে নির্দেশ দিয়েছিলেন আইপিসি, সিআরপিসি মেনে কোনও রং না দেখে যারা দোষী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেতি। সেদিকে লক্ষ্য নিয়েই পুলিশ প্রশাসন কাজ করছে। যদি কেউ অন্যায় করে থাকে তার বিরুদ্ধে এক্ষআইকার করেও হয়েছে। টাকা নিয়ে চাকরি প্রসঙ্গে অরুণ রায় বলেন, এটা মারাত্মক পাপ। অনেক সময় রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিতভাবেও কাউকে অভিসৃক্ত করা হয়। তবে কেউ যদি সত্যিকারের বেকারদের কাছ থেকে



চাকরি দেওয়ার নাম করে টাকা নিয়ে থাকে এর থেকে পাপ আর হতে পারে না। এটাকে আমি ব্যক্তিগতভাবে অন্যা্য, পাপ বলেই মনে করি। এর থেকে বড় অপরাধ আর হতে পারেনা। অর্থ নিয়ে চাকরি দেওয়া অত্যন্ত অন্যা্য। এদিন মন্ত্রী আরও বলেন, পরিবারী শ্রমিকদের মুখ্যমন্ত্রী বাবেরায়ে ফিরে আসার জন্য আবেদন করেছিলেন। তাদের কাজের প্রতিশ্রুতিও দিয়েছিলেন তিনি। আজ ১০০ দিনের কাজে নিযুক্ত প্রায় ৫৯ লক্ষ

বামেদের দেওয়াল লিখন নিয়ে তুঙ্গে বিতর্ক

দূরন্ত বার্তা, হুগলি, ১৪ এপ্রিলঃ রিষড়ায় বামেদের দেওয়াল লিখন নিয়ে তুঙ্গে বিতর্ক। তড়িঘড়ি তা মুছে ফেলার সিদ্ধান্ত নিল সিপিএম ।রিষড়া বাড়ুর পার্কে শ্রীরামপুরের সিপিএম প্রার্থী দীপ্তিতা ধরের সমর্থনে দেওয়াল লেখা হয়। সেখানেই কার্টুন আঁকা হয়েছিল। ব-বিজেপি-তৃণমূল-এর আঁতাত-এর দাবিকে সামনে রেখে এই দেওয়াল লিখন লিখতে চেয়েছিল বামেরা। সেখানে দেখানো হয়, মমতা বন্দ্যোপাধ্যায় একটি পদ্মফুলের উপর দাঁড়িয়ে আছেন। তাঁর হাতে জোড়ামূলের প্রতীক।

অন্যদিকে, তাঁর পায়ের কাছে দাঁড়িয়ে রয়েছেন অমিত শাহ। এই কার্টুনে জাতীয় ফুলের অবমাননা বলে অভিযোগ করা হয় বিজেপি – র পক্ষ থেকে। স্থানীয় বিজেপি নেতৃত্বের দাবি, পদ্মফুল শুধু

বিজেপির প্রতীক নয়, জাতীয় ফুলও বটে। তাই কারও পায়ের নীচে এই ধরনের ছবি অবমাননাকর। সিপিএম এই সমস্ত দেওয়াল লিখন করে প্রচারে থাকতে চায়ছে। রিষড়া পুরসভার বিজেপি কাউন্সিলর শশী সিং বলেন, আমরা নির্বাচন কমিশনে

রিষড়া

অভিযোগ জানাব। রিষড়া যুব তৃণমূল সভাপতি দীপশঙ্কর দত্ত বলেন, বাম রাম সেটিং সবাই দেখেছে। ২০১৯ সালে কী হয়েছিল! আর বিজেপি জাতীয় ফুলের কথা বলছে! তাদের পতাকায় থাকে পদ্মের ছবি। সেগুলি যখন রাস্তায় নর্দমায গড়ায় তখন অবমাননা হয় না? তিনি

শতবর্ষে পড়ল অধ্যয়ন সম্মিলনী, নববর্ষে প্রভাত ফেরির আয়োজন

হাওড়া, ১৪ এপ্রিলঃ শতবর্ষে পদার্পণ করল হাওড়া শহরের বেলেগোল মোড়ের ঐতিহাসিক পাঠাগার অধ্যয়ন সম্মিলনী। বেলেগোল মোড়ের কাছেই এক সময় ছিল বাণিজ্য কেন্দ্র বেতড বন্দর। বাঁয়ের বেড়ার মাটির ঘরে স্থাপিত শতাব্দী প্রাচীন এই গ্রন্থাগারের শুরুর নাম ছিল তরুণ সন্ধ্যার মুখে ছিল শ্রদ্ধাঙ্গীত। শতাব্দী নরেন্দ্রনাথ গঙ্গুলি করে দেন পাকা ঘর। চট্টগ্রাম অস্ত্রাগাগার লুণ্ঠনের নায়ক

মাষ্টারদা সূর্য সেনের সহচরদের এখানেই আশ্র্যগোপন করার কথা লোক মুখে ফেলে। ব্রিটিশ পুলিশের হানাদারি এড়াতে লাইব্রেরির নাম হয় অধ্যয়ন সম্মিলন। এলাকার সাধারণ মানুষের সহযোগিতা, শিল্পীদের কলা কুশলতায় সেজে ওঠা অধ্যয়ন সম্মিানীতে পাঠকের অকৃত্রিম বই প্রেম ও সামাজিক দায়বদ্ধতা নিয়ে সারা বরষ জুড়েই নানা ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

নববর্ষের পূণ্যপ্রভাতে ভোটের প্রচারে উপজীব্য শুভেচ্ছা বিনিময় আর প্রণাম

কলকাতা, ১৪ এপ্রিলঃ বাংলা নববর্ষের দিন সকাল সকাল প্রচারে ব্যড়া বাম-ডান, পদ্মফুল-ঘাসফুল ভোটপ্রার্থীদের সকলেরই এদিনের মুখে ছিল শুভেচ্ছা বিনিময় আর প্রণাম জানানো। গরম আবহাওয়া সত্ত্বেও বাংলা বছরের প্রথম দিন প্রার্থীদের আসনেই ভালবাসার আলিঙ্গনে আবদ্ধ করেন শুভানুধ্যায়ীদের। রবিবারের প্রচারকে পয়লা বৈশাখের আঙ্গিকেই রাখতে চেয়েছেন প্রার্থীরা। বালুঘাটে কালীমন্দির পুজো সুকান্ত মজুমদারের। অগ্রিমিত্রা পাল থেকে সাহানী ঘোষণথে প্রচারে সকলেই। নদীতে নেমেই জনসংযোগ করেন

লকেট চট্টোপাধ্যায়। বাংলা নববর্ষের প্রথম দিনটিতে দমদম লোকসভার তিনটি এলাকায় তিনটি বড় মিছিল করতে চলেছে তৃণমূল। বিরাটি, নিউ ব্যারাকপুর এবং দমদমে নববর্ষকে স্বাগত জানিয়ে মিছিলে থাকবেন সেখানকার প্রার্থী তথা বিদায়ী সাংসদ সৌগত রায়। সৌগত ম্পষ্টই বলছেন, ‘‘মমতা বন্দ্যোপাধ্যায় যে লাইনে প্রচারের সুর বেঁধে দিয়েছেন, সেই লাইনেই পয়লা বৈশাখের প্রচার হবে। মেদিনীপুরের পদ্মপ্রার্থী অগ্রিমিত্রা পাল জানিয়েছেন, রবিবার সকালে মেদিনীপুর শহরের একটি মন্দিরে পুজো দেন। তার পর

দিনভর তাঁর কর্মসূচি ‘পয়লা বৈশাখময়’। পুজো দেওয়ার পর বৈশাখী শোভাযাত্রায় পা মেলান অগ্রিমিত্রা। তার পর কখনও মিষ্টি বিতরণ করে, কখনও মাতেন বৈশাখী সাংস্কৃতিক অনুষ্ঠানে। নববর্ষে ভোটের প্রচারে পাঞ্জাবী, সাদা পায়জামা পড়ে প্রচারে বার হন সায়ন বন্দ্যোপাধ্যায়। সঙ্গে হাসিমুখে তাঁর স্ত্রী। তমলুক থেকে সিপিআইএমের টিবিটে লড়ছেন আহিনজীবী সায়ন। বারাকপুর লোকসভা কেন্দ্রের অধীন বীজপুরে এদিন সকাল সকাল ভোটের প্রচার সারেন বিজেপি-র অর্জুন সিং। জোড়হাতে জানান শুভ নববর্ষ।

বাবা তারকনাথের আশীর্বাদ মাথায় নিয়ে নববর্ষের শুরু করলেন ভক্তরা

দূরন্ত বার্তা, হুগলি, ১৪ এপ্রিলঃ নববর্ষে সেজে উঠলো বাংলা। ভক্তের ঢল নেমেছে মন্দিরে মন্দিরে। দক্ষিণেশ্বর থেকে কালীঘাট, তারকেশ্বর, সর্বত্রই একই ছবি। রবিবার সকালেই হালখাতা নিয়ে মন্দিরে চলে এসেছেন হাজার হাজার মানুষ। সব থেকে বেশি ভিড় ব্যবসায়ীদের।

সাত সকালেই ধনলক্ষ্মীর মূর্তি ও নতুন খাতা নিয়ে তারকেশ্বর মন্দিরে ভিড় জমিয়েছেন আশপাশের এলাকার ব্যবসায়ীরা। একই ছবি দক্ষিণেশ্বরের মন্দিরেও। তবতরিণীর মন্দিরে ভক্তদের ঢল। হালাখাতায় স্তম্ভিক চিহ্নের ছাপ দিয়ে জমেছে ভিড়। সকালে মন্দির প্রাক্শনে যেতেই দেখা গেল লাইন। দূর-দূরান্ত থেকে ছুটে এসেছেন প্রচুর মানুষ। ছোট থেকে মাঝারি,

বড় সব ধরনের ব্যবসায়ীরাই এদিন ভিড় করেছেন দক্ষিণেশ্বর, তারকেশ্বরে। পরিবার-প্রিয়জনদের মদ্রল কামনায় বাংলা নতুন বছরের প্রথম দিনেই পুজো দিতে ভিড় জমিয়েছেন হাজার হাজার ভক্ত। নববর্ষের শুভ কামনা জানানলেন তারকেশ্বর মন্দিরের পুরোহিত। ভক্তদের ভিড় দেখে উজ্জসিত তিনিও বলেন, ‘‘প্রতি বছরের মতো এ বছরও সকাল থেকে এখানকার ব্যবসায়ীরা খাতা পুজো করতে আসছে। তার উপর রবিবার। সে কারণে ভিড়টা অনেকটা বেশি। আশপাশের এলাকার বহু মানুষই নতুন বছরের শুরুতে মন্দিরে পুজো দিতে এসেছেন। উজ্জসিত এলাকার বাসিন্দারাও মন্দির লাগোয়া এলাকাতেই থাকেন এক বাসিন্দা । এত ভিড় দেখে তিনি বললেন,

‘‘গাজন সংক্রান্তি গেল তো, তারপর উপর পয়লা বৈশাখ, হাল খাতা, সব মিলিয়ে এবার ভিড়টা একটু বেশি। সকাল থেকেই প্রচুর মানুষ আসছেন পুজো দিতে। বাবার মাথায় জল ঢালতে অনেকে কাঁধে করে জলও এনেছেন। এত ভিড় দেখে সত্যিই খুব ভাল লাগছে। ভক্তদের মধ্যেও দেখা গেল তুমুল উজ্জ্বা। এক ভক্ত বললেন, ‘‘বাবার পায়ে জল ঢেলে নতুন বছরের শুভ সূচনা করতে চাই। এটা বাবার প্রতি একটা আবেগ, একটা ভালবাসা। বাবার আশীর্বাদ নিয়েই এবার সব কাজ শুরু করতে চাই। ব্যবসা করতে গেলে যা যে কোনাও কিছু করতে গেলে বাবা তারকনাথের আশীর্বাদ মাথায় পাওয়া যায় তা সত্যিই অতুলনীয়।

চন্দননগর গীতিময় সংগীত নিকেতনের বাংলা নববর্ষ পালন

দূরন্ত বার্তা, চন্দননগর, ১৪ এপ্রিলঃ রবিবার বাংলা নববর্ষ ১৪৩১ বাঙালির পয়লা বৈশাখ। নতুন এই বছরে বাংলা তথা বাঙালিরা বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে দিনটিকে পালন করে। চন্দননগর ফটক গোড়া জগদ্ধাত্রী পুজার ট্রাস্ট কমিটি এবং গীতিময় সংগীত শিক্ষা নিকেতন যৌথ উদ্যোগে বাঙালি নববর্ষ পালিত হয় পুজো প্রাক্শনে নটন মন্দিরে। অনুষ্ঠানের সূচনা করেন নৃত্য শিল্পী পরীক্ষিত চক্রবর্তী রবীন্দ্রনাথ ঠাকুরের গান আনন্দ ধারা বর্ষিছে ভুবনে গানটির মধ্যে দিয়ে। এরপর শিশু শিল্পীদের সমবেত গান এসে হে বৈশাখ পরিবেশিত হয়। এরপর সংস্থাটির কর্ণধার তথাসংগীত শিল্পী সাগরিকা ঘোষ তার একক সুরেলা সুমিষ্ট কণ্ঠে তৈরী করেন। অনুষ্ঠানের অতিথি হিসেবে ছিলেন তরুণ



শিল্পীদের সমবেত গান নতুন প্রভাত জাগো সময় এলো এবং ওই উজ্জ্বলা দিন ডাকে স্বপ্ন রঙিন পরিবেশিত হয়। তপন দত্ত তারই স্বরচিত কবিতা আবার একটা নতুন বছর এলো পাঠ করেন। অনুষ্ঠানের অতিথি হিসেবে ছিলেন তরুণ

আহিনজীবী উজ্জ্বল চক্রবর্তী। অনুষ্ঠানটি সুন্দরভাবে সঞ্চালনা করেন ছিলেন তপন দত্ত। এদিনের সকালে নববর্ষের আড্ডায় শ্রুতি মধুর উপস্থাপনায় উপজে পড়া ভিড বন্ধে বোঝা যায় দর্শকরা বেশ উপভোগ করেছেন।



আরও বলেন, ‘এই কার্টুনের মাধ্যমে যে লিখেছে এই দেওয়াল লিখন তিনি নিকট মানসিকতার পরিচয় দিয়েছেন। রাম এবং বাম মিলে মিশে একাকার হয়েছে। ওরা নিজেদের সোটিংয়ের রাজনীতি করে চলেছে। ওরা বুঝে গিয়েছে

লোকসভা নির্বাচনে আমরা ওদের বিরাট ভোট হারাতে চলেছি। তাই এই সমস্ত বলছে।’ এই দেওয়াল লিখন থিরেই বিতর্ক সিপিএম এর স্থানীয় নেতা প্রদ্যুৎ বন্দ্যোপাধ্যায় বলেন, ‘একটা ভুল আমাদের জুনিয়র কমরেডরা করে

অভিষেকের চপারে ‘আয়কর অভিযান’, শুনে কী বলছেন শুভেন্দু?

দুরন্ত বার্তা, বসিরহাট, ১৪ এপ্রিলঃ অভিষেক বন্দ্যোপাধ্যায়ে চপারে আয়কর অভিযানের যে দাবি তৃণমূল করছে, সেই নিয়ে এবার মুখ খুললেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। জানিয়ে দিলেন, ‘কেউই আইনের ঊর্ধ্বে নন।’ তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের চপারে আয়কর দফতরের খিরে নয়া বিতর্ক। এদিন বেহালা ফ্লাইং ক্লাবে চপারের ট্রায়ালের সময় আয়কর তল্লাশি চলোছিল বলে দাবি তৃণমূলের। অভিষেক বন্দ্যোপাধ্যায় নিজেও এই নিয়ে সরব হয়েছেন এক্স হ্যাভেলে। আয়কর অভিযানে কিছুই পাওয়া যায়নি বলে দাবি অভিষেকের। তবে তৃণমূলের এই আয়কর অভিযানের দাবি নিয়ে ইতিমধ্যেই প্রতিক্রিয়া জানিয়েছেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিরোধী



দলনেতার বক্তব্য, “উনি আইনের ঊর্ধ্বে নন। যে কোনও লোকের গাড়ি, চপার, চার্টার্ড (বিমান) সব কিছু তল্লাশি করা যেতে পারে। নির্বাচন কমিশনের নির্দেশ রয়েছে।” উল্লেখ্য, রবিবার দুপুরে আচমকই খবর আসে বেহালা ফ্লাইং ক্লাবের ভিতরে এই ঘটনা প্রসঙ্গে। আয়কর দফতরের অভিযান প্রসঙ্গে এক্স হ্যাভেলে অভিষেক লেখেন, ‘এনআইএ-র ডিভি ও এসপিকে সরানোর বদলে কমিশন ও বিজেপি আমার চপার ও নিরাপত্তারক্ষীদের তল্লাশি চালাতে আয়কর দফতরকে পাঠিয়েছে। কিন্তু কিছুই পাওয়া যায়নি।’ এক্স হ্যাভেলে আবারও জমিদারি প্রসঙ্গ টেনে খোঁচা দিয়েছেন অভিষেক। এদিনের ঘটনার পর পরই তৃণমূলের সব নেতারা একযোগে প্রতিবাদে সরব হয়েছেন। তৃণমূলের তরফে কুণাল ঘোষ যেনন এক্স হ্যাভেলে লিখেছেন, ‘ফাঁকা মাঠে গোল করে মা্যাচে জিততে চায় বিজেপি।’ সরব হয়েছেন তৃণমূলের অন্যান্য প্রথম সারির নেতারাও। এসবের মধ্যেই এবার এই ঘটনা প্রসঙ্গে মন্তব্য করলেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও। রবিবার বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রের সমর্থনে প্রচারে নেমেছিলেন তিনি। সেই সময়েই শুভেন্দুকে এই বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, “কেউ আইনের ঊর্ধ্বে নন।”

রোদে বেরিয়ে লাগাতার ভোটের প্রচার করায় অসুস্থ কৃষ্ণনগরের রানিমা

দুরন্ত বার্তা, নদিয়া, ১৪ এপ্রিলঃ অসুস্থ কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অমৃতা রানি মা জ্ঞানিক অসুস্থতার কারণে গৃহবন্দি তিনি। বাংলা বছরের প্রথমদিনই বেরতে পারলেন না রানিমা। চিকিৎসকের কথায় একদিনের বেডরেস্টে রয়েছেন তিনি। বিগত কয়েকদিন ধরে বিজপি প্রার্থী প্রথর রোদ উপেক্ষা করেই কৃষ্ণনগর লোকসভার বিভিন্ন প্রান্তে ছুটে বেড়িয়েছেন। গত দিন তিনি তাগদাহের মধ্যে প্রচার করার সময় অসুস্থতা বোধ করেন। রাতেই চিকিৎসক তাঁর শারীরিক পরীক্ষা করেন। রবিবারও তাঁর শারীরিক পরীক্ষা করে চিকিৎসক বিশ্রামের পরামর্শ দেন। তাই প্রার্থী রানিমা অমৃতা রায় আজ সকাল থেকেই বাড়িতে রেস্ট নিচ্ছেন। কারোর সঙ্গে দেখা করেছেন না, খবর নিয়ে জানা গিয়েছে তিনি বিশ্রাম নিচ্ছেন। অপরদিকে, তার পুত্র মণিশ চন্দ্র রায় বলেন, “আবহাওয়া পরিবর্তন হচ্ছে এই সময় একটি ঠাণ্ডা গরম লাগে সকলেরই। ফলে খুব একটা চিন্তার কারণ নেই। চিকিৎসক দেখে বিশ্রাম নিতে বলেছেন। সেই মতোই তিনি গোটা দিন বিশ্রাম নিচ্ছেন।” প্রসঙ্গত, প্রতিবছরের ন্যায় এই বছরও রাজবাড়িতে নাটমন্দিরে বাসন্তীপুজো হবে। তার আয়োজন ও প্রস্তুতি চলছে। সোমবার নাট মন্দিরেই থাকবেন রানি মা জ্ঞানান মণীশ। আরও বলেন, নদিয়াবাসীর রাজবাড়িতে বাসন্তী পুজো। তাই সবাইকে তাদের নিজেদের বাড়ির এই পুজোতে উপস্থিত থাকার আহ্বান জানান।

ভোটের মুখে বিজেপি নেতা-নেত্রী গাড়ি থেকে লক্ষ লক্ষ টাকা উদ্ধার

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৪ এপ্রিলঃ ভোটের মুখে ফের টাকা উদ্ধার। বিজেপি নেতা ও নেত্রীর কাছ থেকে লক্ষ লক্ষ টাকা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল। যদিও টাকা উদ্ধারের বিষয়টি অস্বীকার করেছে বিজেপি। শনিবার রাতে জলপাইগুড়ি ক্রান্তি এলাকায় নাকা চেকিংয়ের সময়ে বিজেপির মাল



মহকুমার কনভেনার রাকেশ নন্দীর গাড়িতে তল্লাশি চালান দলক্ষকরীরা। গাড়ি থেকে নগদ ৭ লক্ষ ৭৫ হাজার টাকা বাজেয়াপ্ত করে। পুলিশর দাবি ওই টাকার পক্ষে কোনও নথি দেখাতে পারেনি

রাজনৈতিক চর্চা শুরু

বিজেপি নেতা। পাশাপাশি পুলিশের আরও দাবি জেরায় রাকেশ নন্দী পুলিশকে জানিয়েছেন, ওই টাকা তিনি বিজেপি মহিলা মোচার জেলা



সভাপতি দীপা বনিকের নির্দেশে নিয়ে যাছিলেন। পাশাপাশি পুলিশের আরও দাবি, রাকেশ নন্দীর কাছ থেকে তথা পেয়ে পুলিশ বিজেপি মহিলা মোচার জেলা সভাপতি দীপা বনিককে তল্লাশি করে তাঁর কাছ

ভোটের আগে সিপিএম-এ রক্তক্ষরণ, দল ছাড়লেন নেত্রী

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ১৪ এপ্রিলঃ লোকসভা ভোটের মুখে ফের রক্তক্ষরণ সিপিএম-এর। সিপিএম-এর প্রতীকে জয়লাভ করা পঞ্চায়েত সদস্যা দল ছেড়ে যোগ দিলেন তৃণমূলে। দলে নবাগতার হাতে সেই পতাকা তুলে দেন তৃণমূলের সিমলাপাল ব্লক সভাপতি ফাঙ্কনী সিংহবাবু। সিপিএম এর দাবি, নিজেদের জনপ্রিয়তা বৃদ্ধি হচ্ছে তা প্রমাণে মরিয়া তৃণমূলা এখন জোর করে ভয় দেখিয়ে বিভিন্ন দল থেকে কর্মীদের নিজেদের দলে যোগদান করচ্ছে। বাঁকুড়ার সিমলাপাল ব্লকের মাচাতোড়া গ্রাম পঞ্চায়েতের ধোড়ধরা বুথে গত গ্রাম পঞ্চায়েত নির্বাচনে সিপিএম-এর টিকিটে জয়ী হন সায়েনা



বিবি। ওই গ্রাম পঞ্চায়েতে সংখ্যাধিক্য আসনে তৃণমূল জয়ী হওয়ায় পঞ্চায়েতটিতে বোর্ড গঠন করে তৃণমূলা। লোকসভা নির্বাচনে ওই গ্রাম পঞ্চায়েতের সিপিএম-এর টিকিটে জয়ী সদস্য সায়েনা বিবি তৃণমূলে যোগ দিলেন। গতকাল সায়েনা বিবির হাতে তৃণমূলের পতাকা তুলে দেন তৃণমূলের সিমলাপাল ব্লক সভাপতি ফাঙ্কনী সিংহবাবু। সিপিএমএর দাবি ঘাসফুল শিবিরের জনপ্রিয়তা দ্রুত কমছে। আর তা চাপা দিতেই এভাবে বিধায়ীদের তৃণমূলে যোগ দেওয়ার নাটক করছে। এই বিষয়ে সিপিএম এর বাঁকুড়া জেলা কমিটির সদস্য বিপ্লব দাস মহান্ত বলেন, “তৃণমূল বুঝতে পারছে তাদের পায়ের তলার মাটি সরে যাচ্ছে। বিজেপিও একই কাজ করছে। আমাদের লোকজনকে ভয় দেখিয়ে হাতে পতাকা তুলে দিচ্ছে। তারা এটা প্রমাণ করতে চাইছে তাদের নাকি জনসমর্থন বাড়ছে। আসলে ভিতরে-ভিতরে তৃণমূল ধ্বংস হয়ে গিয়েছে। মানুষ আর তৃণমূলকে চায় না।”

বাংলার নববর্ষকে স্বাগত জানাল খুদে ফুটবলাররা

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১৪ এপ্রিলঃ রবিবার রাজ্যের অন্যান্য জেলার পাশাপাশি নদীয়ার চৈতন্য ভূমি নবদ্বীপেও খুদে ফুটবলাররা মেতে উঠলেন বাংলা নববর্ষকে স্বাগত জানাতো। প্রতিবছরের ন্যায় এ বছরও বাংলা নববর্ষের সকালে ময়াদানের খুঁটি বা বার পুজোকে ঘিরে ব্যাপক উদ্‌যাদন লক্ষ্য করা যায় বিভিন্ন বয়সী ফুটবলারদের মধ্যে। নবদ্বীপ ব্লকের চার মাজদিয়া চর ব্রহ্মনগর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত চর ব্রহ্মনগর সেবক সমিতির ময়াদানে বিগত বছরের ন্যায় এ বছরও মার্চের খুঁটি পুজোকে কেন্দ্র করে বিভিন্ন বয়সী ফুটবলারদের উদ্‌যাদন লক্ষ্য করা যায়। ধর্মীয় রীতিও নীতি মেনে পূজারীর দ্বারা সম্পূর্ণ হয় সেবক সমিতির খুঁটি পুজো। সেখানে প্রাক্তন দিকপাল খেলোয়াড় নিলল ভৌমিক, নিলয় ভট্টাচার্য সহ অন্যান্য প্রাক্তন খেলোয়াড়দের উপস্থিতির পাশাপাশি ছিলেন বর্তমান প্রজন্মের এক ব্যাকি উদ্দীমান ফুটবলার। এছাড়াও সেবক সমিতির ময়াদানে উপস্থিত ছিলেন স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধান স্বপন বেননাথ। পাশাপাশি দি নবদ্বীপ অ্যাটলেটিক ক্লাব ময়াদান এবং বিবেকানন্দ স্টেডিয়ামেও খুঁটি বা বার পুজোকে ঘিরে খেলোয়াড়দের মধ্যে উদ্‌যাদন লক্ষ্য করা যায়। একইভাবে নবদ্বীপ বিবেকানন্দ স্টেডিয়ামে বছর দুই হয়ে চলা নবদ্বীপ পৌরসভা ফুটবল কোর্ট ক্যাম্পের বালিকা সহ একাধিক খুদে ফুটবলার এবং দীর্ঘ কয়েক বছর ধরে চলা দি নবদ্বীপ অ্যাটলেটিক ক্লাব ময়াদানে কোটিচ ক্যাম্পের ক্ষুদে ফুটবলারদের উপস্থিতি ছিল লক্ষ্যীয়। এদিন খুদে ফুটবলারদের উৎসাহিত করার জন্য বিবেকানন্দ স্টেডিয়াম সহ দুটি ময়াদানে উপস্থিত ছিলেন, লকবাতা ময়াদানের প্রাক্তন ফুটবলার অরুণ রায়, বিরাজ সাহা, অসীম ঘোষ, বিশুজিৎ সরকার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ।

বৈশাখের নববর্ষের হালখাতা কোথায়?

বাঙালী এখন ডিজিটাল হিসেবে ব্যস্ত হারিয়ে যাচ্ছে বাংলা ক্যালেন্ডার ও পঞ্জিকা

দুরন্ত বার্তা প্রতিবেদন

বৈশাখের নববর্ষের হালখাতা এখন নেই, বাঙালী এখন ডিজিটাল হিসেবে ব্যস্ত। নববর্ষ মানেই বাঙ্গালীদের কাছে একটা আলোদ্য আবেগ নতুন করে ব্যবসা সূচনার দিন। ব্যবসায়ীদের কাছে এক উৎসব উৎসাহে দিন। নতুন বছর মানেই নতুন হালখাতা। পুরনো যা কিছু সব কিছু খুলে নতুনকে আবাহনে সূরে মেলবন্ধন করা। আজকাল নববর্ষের হালখাতা ফিকে হয়ে গেছে। রামনগর থেকে দীঘা কাথি থেকে তমলুক বিভিন্ন প্রান্তে হালখাতার দোকানদাররা ও নতুন ক্যালেন্ডার এর বিক্রিতারা হলে ছেড়ে বসে আছেন। আগের মত বিক্রি নেই। হাতেগোনা কয়েকজন দোকানদার কেনেন হালখাতা ও পঞ্জিকা। বাঙালি কি সেই নববৈশাখের ঐতিহ্য হারিয়ে ফেলেছে। নাকি বাস্তব আধুনিকতায়ে মেনে নিয়ে চলছে আগামীর পথে। নতুন বছর মানেই ব্যবসায়ীদের হালখাতা ও গ্রাহকদের জন্য উপহারে নতুন ক্যালেন্ডার। সময়ের পরিবর্তনে চাহিদা কমেছে হালখাতার। এখন অনেক ব্যবসায়ীই আর সেই পুরোনো দিনের প্রথা মেনে হালখাতা করছেন না। ক্রেতারাও উপহারে পাচ্ছেন না ক্যালেন্ডার। ব্যস্ততা কমছে ছাপাখানা। এখনও অবশ্য পুরোপুরি মুখে যায়নি প্রথা। সেই প্রসঙ্গ টেনে এক ব্যবসায়ী বলেন, “বছরভর ব্যবসা করার পর যারা নিয়মিত ক্রেতা, তাঁদের কিছু আশা থাকে। বছরের প্রথম দিন তাঁদের




মিষ্টমুখ করতে পারলে এবং ক্যালেন্ডার দিলে বছরভর থাকে মধুর সম্পর্ক। কিন্তু এখন এই চল দেখাই যায় না।” ব্যবসায়ী বাপি সার বলেন, “সবকিছু অনলাইনেই হয়ে যায় আজকাল। হিসেব রাখাটাও কম্পিউটারাইজড হয়ে গিয়েছে বড় বড় দোকানগুলিতে। তাই হালখাতার জমানা প্রায় নেই বললেই চলে। নিয়মরক্ষার জন্য অনেকে রাখেন, অনেকে আবার সেটাও করে না।” হালখাতা বিক্রেতা কন্থা, “দোকানে পুরোনো হালখাতা এখনও আছে। নতুন হালখাতাও চলে এসেছে কয়েকদিন হল। খুব বেশি আনা হয়নি। কারণ এখন চাহিদা কমেছে। লাল রঙের বাইভিডং করা লম্বা হালখাতার দাম ও বেড়েছে। শুধু নিয়মরক্ষার জন্য একটা ছোট খাতা কিনে নিয়ে রাখেন দোকান থেকে। তিনি সব হিসেবই কম্পিউটারে রাখেন। সবকিছু ডিজিটাল হয়ে গিয়েছে। কমেছে ক্যালেন্ডার-ডায়েরির চাহিদাও।”

থেকে আরও ১ লক্ষ ৬০ হাজার টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। এই বিষয়ে দীপা বনিকের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করলে সম্পূর্ণ ঘটনা অস্বীকার করেন তিনি। বিজেপি নেতৃত্বের বক্তব্য, সদ্য মালবাজার এলাকায় রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সভা হয়েছে। এছাড়াও বেশ কিছু রাজনৈতিক কর্মসূচি রয়েছে। সেই সমস্ত কর্মসূচির বন্কেয়া টাকাই নিয়ে যাওয়া হাছিল। যাদেরকে আটক করা হয়েছিল, রাতেই ব্যক্তিগত জামিনে তাঁদের ছেড়ে দেয় পুলিশ। তৃণমূলের জলপাইগুড়ি জেলা সম্পাদক বিকাশ মালাকার বলেন, শুভেন্দু-সুকান্তর কর্মীরা টাকা নিয়ে যাচ্ছে। পুলিশ প্রশাসনের কাছে খবর আছে বলে আমি যতদূর জানি। টাকা দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়ন শুরু করা যাবে না। টাকা দিয়ে ওরা আসলে মানুষ কেনার চেষ্টা করছে। আমরা মানুষকে বলছি, টাকা দিলে টাকা নেনন, ভোট আপনারা কাকে দেবেন, সে তো আমরা জানিই।

২৬০০ ফুট উঁচুর বুথে যোগাযোগ করতে বিশেষ পদক্ষেপ কমিশনের

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১৪ এপ্রিলঃ প্রথম দফার নির্বাচনে বিশেষ নজর আলিপুরদুয়ারে। লোকসভার ৩টি বুথ রয়েছে সমতল থেকে প্রায় ২৬০০ ফুট উঁচুতে। মোবাইলে যোগাযোগ অসম্ভব। তাই কেন্দ্রগুলির সঙ্গে যোগাযোগ রক্ষা করতে নির্বাচন কমিশনের ভরসা। এবার স্যাটেলাইট ফোন। এই প্রথম লোকসভা নির্বাচনে স্যাটেলাইট ফোন ব্যবহার করা হচ্ছে। দুর্গম এলাকা। দুর্গম বজা পাহাড়। বুথের সংখ্যা ৩টি। বজা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল পেরিয়ে ট্র্যাকিং করে যেতে হয় বজা পাহাড়ে। আলিপুরদুয়ার লোকসভায় ৩৬টি বুথ প্রত্যন্ত এলাকায় অবস্থিত। এই ৩৬টির মধ্যে বজা পাহাড়ে রয়েছে ৩টি। ভোটার দিন ভোট কর্মীদের সঙ্গে আগে যোগাযোগ হত আরটি মোবাইল সেটো। জানা গিয়েছে, বজাদুয়ার বি এফ পি



আর বিমলা বলেন, “আলিপুরদুয়ারে ৩৬টি বুথ প্রত্যন্ত এলাকায়।এর মধ্যে রয়েছে বজা পাহাড়ে ৩টি বুথ। ট্র্যাকিং করে যেতে হয়। যোগাযোগ স্থাপনে এই ব্যবস্থা নেওয়া হচ্ছে।”



পয়লা বৈশাখের সকালে নদীতে স্নানে নেমে তলিয়ে গেল দুই বন্ধু, উদ্ধার একজনের নিখর দেহ


দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১৪ এপ্রিলঃ নববর্ষের সকালে স্নানে নেমে বিপত্তি। মৃত্যু হল দ্বাদশ শ্রেণির এক পড়ুয়ার, নিখোঁজ আরও এক। চাঞ্চল্যকর ঘটনা নদিয়ার নবদ্বীপ পৌরসভার ১১ নম্বর ওয়ার্ডের নয়নতারার ঘাটে। এদিন সকালে নবদ্বীপের ভাগীরথী নদীতে স্নানে নেমেছিল দুই বন্ধু আদিজিৎ পাল ও কৌন্তভ পাল। কিন্তু আর উঠে আসেনি। শেষ উদ্ধার হয় আদিজিতের নিখর দেহ। খোঁজ মেলেনি কৌন্তভের। স্থানীয় সূত্রে খবর, এদিন সকালে নবদ্বীপ পৌরসভার ১১ নম্বর ওয়ার্ডে



মধ্যে ৪ জন জলে নামার সঙ্গে সঙ্গেই দু’জন তলিয়ে যায়। বাকি দু’জন বাঁচানোর চেষ্টা করলেও শেষ পর্যন্ত তাঁরা ব্যর্থ হয়। খবর যায়

৪২ আসনে প্রার্থী দেওয়ার মত অর্থ নেই নওশাদ

দুরন্ত বার্তা, জঙ্গিপুর, ১৪ এপ্রিলঃ ১৬ মে চতুর্থ দফায় ভোট বহরমপুরে। তার আগে জঙ্গিপুবে বড় ইঙ্গিত দিলেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী। জঙ্গিপুুর লোকসভা কেন্দ্রের আইএসএফ প্রার্থী শাহজাহান বিশ্বাসের হয়ে রবিবার ভোট প্রচারে যান নওশাদ। সেখানেই তিনি ইঙ্গিত দেন, বহরমপুরে প্রার্থী দেওয়া মানে চিন্তাভাবনা করছেন তাঁরা। এ রাজ্যের ৪২টি লোকসভা কেন্দ্রের মধ্যে অন্যতম উত্তেজনাযোগ্য কেন্দ্র বহরমপুর। ১৯৯৯ সাল থেকে এই কেন্দ্রের সাংসদ অধীর চৌধুরী। বাম কিংবা তৃণমূলের উত্থানপত্রেও বহরমপুর লোকসভা কেন্দ্রে হাত লাগাতে পারেনি কেউ। সেই কেন্দ্রে এবার কাঁটে কা টকরা অধীর



দুরন্ত বার্তা, আসানসোল, ১৪ এপ্রিলঃ বেশ কয়েকদিন ধরেই বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সুরেন্দ্র সিং আলুওয়ালিয়া এবং জিতেন্দ্র তিওয়ারির মধ্যে ঠান্ডা লড়াই চলছিল মত রাজনৈতিক মহলের। কিন্তু সেই বিতর্কে জল ঢেলে অবশেষে নিজেদের মধ্যে বিবাদ মোটোনে দুই বিজেপি নেতা। এসএস আলুওয়ালিয়া আসানসোল লোকসভা কেন্দ্রে প্রার্থী উল্লাস পর বিজেপি কর্মীরা যতটা উত্তাপ করেছেন, তার থেকে অনেক বেশি উল্লাস করেছেন জিতেন্দ্র তেওয়ারির টিকিট না পাওয়ায় বলেই কানায়ুয্যে শোনা যাচ্ছিল। ‘হল না’ ‘হল না’ গান গেয়ে নাচ করে রীতিমতো সোশ্যাল মিডিয়া ট্রোলড করা হয়েছিল জিতেন্দ্র তেওয়ারিকে কটাক্ষ করা হয়েছিল বলে খবর। সেই ডিভিডো ভাইরাল হয় সোশ্যাল মিডিয়ায়। ভিডিয়ার সত্যতা যাচাই করেনি দুরন্ত বার্তা। জিতেন্দ্র আগামীরা এই ঘটনায় সুরেন্দ্র সিং আলুওয়ালিয়ার



সামনে বিজেপির পতাকা ও লাগিয়ে দেন বিজেপি কর্মীরা। নন্দীগ্রামের বিরুলিয়া তৃণমূল কংগ্রেস কার্যালয়ের সামনে বিক্ষোভ দেখায় বিজেপি। তমলুক সাংগঠনিক জেলা বিজেপি সহ সভাপতি প্রণয় পালের

বক্তব্য, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যতক্ষণ পর্যন্ত না এই মন্তব্য প্রত্যাহার করছেন, ততক্ষণ এই বিক্ষোভ চলবে। এই বিক্ষোভকারী বলেন, “মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রকাশ্য সভা

‘বন্দে ভারত এক্সপ্রেস’ কাঁধে নিয়েই শিবের মাথায় জল!

দুরন্ত বার্তা, মেদিনীপুর, ১৪ এপ্রিলঃ বন্দেভারত এক্সপ্রেসকে কাঁধে নিয়ে জল ঢালতে চলেছেন ভক্তরা, যা দেখতে রাস্তার দুদিকে ভিড জমিয়েছেন সাধারণ মানুষ। বন্দেভারত এক্সপ্রেস ছুটছে তমলুক থেকে বাসুলিয়া পর্যন্ত। তমলুকের একদল যুবক সব র্লকের মোহাড গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বাসুলিয়া শিব মন্দিরে জল ঢালতে যান বন্দেভারত এক্সপ্রেসের মডেল কাঁধে নিয়ে। নীল বস্ত্রী উপলক্ষে শিবের মাথায় জল ঢালার রেওয়াজ রয়েছে এ বাংলায়। আর সেই শিবের মাথায় জল ঢালতেই বন্দে ভারত এক্সপ্রেসের মডেল কাঁধে নিয়ে শিব মন্দিরের দিকে এগিয়ে চলেছেন একদল ভক্ত। পূর্ব মেদিনীপুরের তমলুক থেকে রওনা দিয়েছিলেন তাঁরা। গন্তব্য পশ্চিম মেদিনীপুর জেলার সংঘ ব্লকের মোহাড গ্রাম



পঞ্চায়েতের অন্তর্গত বাসুলিয়া এলাকার শিব মন্দির। আর বন্দেভারত এক্সপ্রেসের মডেল কাঁধে নিয়ে জল ঢালতে যাওয়া দেখতে গ্রামের মানুষ রাস্তার দুদিকে ভিড জমিয়েছেন। কেউ কেউ বলছেন প্রধানমন্ত্রীর এই বন্দে ভারত এক্সপ্রেস এতটাই জনপ্রিয়, তাই শিবের গাজন উৎসবের আগে এই জল ঢালতে যাওয়ার প্রথাতেও বন্দে ভারত এক্সপ্রেস এর মডেল উঠে এসেছে।

অধীরকে হেনস্থার অভিযোগে ৬ জনের বিরুদ্ধে নির্বাচন কমিশনে কংগ্রেস

দুরন্ত বার্তা, বহরমপুর, ১৪ এপ্রিলঃ প্রচারে বেরিয়ে বিক্ষোভের মুখে পড়েছিলেন অধীর চৌধুরী। শনিবার সকালে বহরমপুর লোকসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থীকে লক্ষ্য করে ‘গো ব্যাক’ শ্লোগান দিয়েছিল তৃণমূলের কর্মী সমর্থকেরা। অধীর চৌধুরীকে হেনস্তা করা হয়েছে বলে অভিযোগ ওঠে। এবার সেই ঘটনায় ছয় জনের বিরুদ্ধে নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানাল কংগ্রেস। অন্যান্য দিনের মতো শনিবারও বহরমপুরে ভোট প্রচারে বের হন অধীর চৌধুরী। সকাল ১০টা নাগাদ গান্ধী ক্যালেনি থেকে দলীয় নেতা কর্মীদের নিয়ে অধীরবাবু ভোট প্রচার করেন। বহরমপুর কান্দি বাসস্কাভ হয়ে বিটি দিলেন নওশাদও। এদিন জঙ্গিপুুরে নওশাদকে বহরমপুর নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, “৪২টা আসনে প্রার্থী দেওয়ার মতো যে অর্পের প্রয়োজন, সে অর্থ আমাদের নেই। তবে শুধু বহরমপুর নয়, জাড়াও বেশ কয়েকটি কেন্দ্র নিয়ে আমাদের আলোচনা চলছে।” সত্যিই যদি আইএসএফ এ কেন্দ্রে প্রার্থী দেয়, লড়াই যে কাঠিন্য় ভরেনা, তেমনিই মনে করছেন রাজনীতির কারবারিরা।

যুবক অভিযোগ তোলেন, তাঁকে নাকি অধীর চৌধুরী ভেদ মেরেছেন! সংশ্লিষ্ট ঘটনায় রবিবার নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানানেন রাজ্য প্রদেশ কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক মনোজ চক্রবর্তী। কংগ্রেসের অভিযোগের তালিকায় রয়েছেন বহরমপুর পুরসভার পুরকর্মী তাপস রায়ও। এছাড়া স্থানীয় এক গ্যারেজ মালিকের নামেও অভিযোগ করেছে কংগ্রেস। সবমিলিয়ে মোট ছয় জনের বিরুদ্ধে অভিযোগ জানানো হয়েছে। শনিবার অধীর চৌধুরীর প্রচারে বিশৃঙ্খল পরিস্থিতির খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। বিক্ষোভকারীদের আটক করে পুলিশ। যদিও অধীরবাবুর মতে, পুলিশের মদতেই ওই বিক্ষোভ হয়েছে। গত পুরসভা ভোটেরও তাঁর উপর একইভাবে হামলা চালানো হয়েছিল বলে অভিযোগ তোলেন অধীরবাবু। তাঁর দাবি, স্থানীয় তৃণমূল নেতৃত্ব বার বার একই ঘটনা ঘটাচ্ছে। তৃণমূল অযথা বিশৃঙ্খলা তৈরি করছে। এবার এই ঘটনায় ছয় জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করল কংগ্রেস।

ক্ষোভ-অভিমান মিটিয়ে একসঙ্গে পুজো দিলেন জিতেন্দ্র-আলুওয়ালিয়া

দুরন্ত বার্তা, আসানসোল, ১৪ এপ্রিলঃ বেশ কয়েকদিন ধরেই বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সুরেন্দ্র সিং আলুওয়ালিয়া এবং জিতেন্দ্র তিওয়ারির মধ্যে ঠান্ডা লড়াই চলছিল মত রাজনৈতিক মহলের। কিন্তু সেই বিতর্কে জল ঢেলে অবশেষে নিজেদের মধ্যে বিবাদ মোটোনে দুই বিজেপি নেতা। এসএস আলুওয়ালিয়া আসানসোল লোকসভা কেন্দ্রে প্রার্থী উল্লাস পর বিজেপি কর্মীরা যতটা উত্তাপ করেছেন, তার থেকে অনেক বেশি উল্লাস করেছেন জিতেন্দ্র তেওয়ারির টিকিট না পাওয়ায় বলেই কানায়ুয্যে শোনা যাচ্ছিল। ‘হল না’ ‘হল না’ গান গেয়ে নাচ করে রীতিমতো সোশ্যাল মিডিয়া ট্রোলড করা হয়েছিল জিতেন্দ্র তেওয়ারিকে কটাক্ষ করা হয়েছিল বলে খবর। সেই ডিভিডো ভাইরাল হয় সোশ্যাল মিডিয়ায়। ভিডিয়ার সত্যতা যাচাই করেনি দুরন্ত বার্তা। জিতেন্দ্র আগামীরা এই ঘটনায় সুরেন্দ্র সিং আলুওয়ালিয়ার

হস্তক্ষেপের দাবি করেছিলেন। এমনকী, শনিবার কুলাটিতে সুরেন্দ্র সিং আলুওয়ালিয়ার রোড শো তে বিক্ষোভ দেখিয়েছিলেন বিজেপির

করেছিলেন এই বিক্ষোভের পিছনে রয়েছে জিতেন্দ্র তেওয়ারির উস্কানি। এইসব ঠান্ডা লড়াইয়ের মধ্যেই এবার এস এস



আলুওয়ালিয়া ও জিতেন্দ্র দুজনেই একসঙ্গে এক মন্দিরে পুজো তালিলা করা হচ্ছে। তাদেরকে না জানিয়ে এই প্রচার করা হচ্ছে। মূলত, ক্ষোভ ছিল কুলাটির বিজেপি বিধায়কের বিরুদ্ধে। সেখানেও আলুওয়ালিয়ার প্রচারে থাকা বিজেপি নেতৃত্ব অভিযোগে

লড়াইয়ের ডাক দিলেন। আলুওয়ালিয়ার দাবি জিতেন্দ্র তেওয়ারি প্রার্থী হতে চেয়েছিলেন। পবন সিং প্রার্থীদল প্রত্যাহারের

পর জয়গাটা ফাঁকা ছিল। তাই প্রার্থী হওয়ার যে আশা তার মধ্যে কোনও ভুল নেই। জিতেন্দ্র জানান, মোট ১৭১ জন আলুওয়ালিয়ার নেতৃত্বে সারাদেশ ঘুরে ছিলেন। তার মধ্যে তিনিও ছিলেন। তাদের পরিচয় অনেক পুরানো।

ফ্যাশন ও রূপচর্চা

আড়ংয়ের পোশাক বেলজিয়ামের রানির পরনে



ইনস্টাগ্রামে নানা দেশের রাজপরিবারের সদস্যদের ফ্যাশন ভুলে ধরে রয়্যাল ফ্যাশন পুলিশ। সেই আ্যাকাউন্ট থেকেই গত ৪ মার্চ পোস্ট করা হয় বেলজিয়ামের রানি মাথিল্ডের একটি ছবি। সেখানে রাজপরিবারের এই সদস্য দেখা দেন বাংলাদেশের জনপ্রিয় লাইফস্টাইল ব্র্যান্ড আড়ংয়ের সাব-ব্র্যান্ড ‘হার স্টোরি’র একটি জ্যাকেটে। পোশাকটি তিনি পরেছিলেন চলতি বছরের ৩ মার্চ, পশ্চিম আফ্রিকার রাষ্ট্র



আইভরিকোস্টের রাজধানী ইয়ামুসুক্রোতে, রাষ্ট্রীয় সফরে। জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) দূত হিসেবে ওই রাষ্ট্রীয় সফরে অংশ নেন তিনি। এই পোস্টে অনেকেই রানির ফ্যাশন সেলের প্রশংসা করেছেন। সবচেয়ে বেশি প্রশংসিত হয়েছে রানির এই জ্যাকেট। সিল্কে বিভিন্ন রঙের প্রিন্ট আর এমব্রয়ডারি করা জ্যাকেটটির রয়েছে রাজকীয় আবেদন। এর সঙ্গে রানির হাতে

ছিল বেলজিয়ামের ব্র্যান্ড ক্লিও গোল্ডব্রেনারের ব্যাগ। ব্যাগটি তিনি এর আগেও ব্যবহার করেছেন। জুতাটি নিয়েছেন পেনেলপি চিলভার্স থেকে। জুতাটিও রানি আগে রাষ্ট্রীয় সফরে পরেছেন। সোনার কানের দুলটি নেওয়া ফরাসি ব্র্যান্ড পিজানো থেকে। কানের দুলের দাম ১৩০ ডলার বা মাত্র ১৪ হাজার টাকা। এই সফরে রানি মাথিল্ডে টেকসই ফ্যাশনকেই



শহর জুড়ে তীব্র গরম, চিনি দিয়ে এক নিমেশে রূপটান



শহর জুড়ে তীব্র হচ্ছে গরম। রোদের তেজে বাইরে বের হওয়া কষ্টকর। রোদে পুড়ে ভুকে কালো ছোপ। চোখের নীচে বলিরেখা। চামড়া যেন দিন দিন জেল্লা হারাচ্ছে। ব্যাস, আপনি ছুটলেন বিউটি পার্লে। প্রচুর টাকা খরচ করেও, লাভ হল না কিছু। বরং কেমিক্যালের কারণে ত্বকের সমস্যা বাড়ল আরও। রূপ বিশেষজ্ঞরা বলছেন, আপনার রান্নাখবেরই রয়েছে এমন অনেক কিছু, যা দিয়ে খুব সহজেই রূপচর্চা সেরে নিতে পারেন। বিশেষ করে রোজকার রূপটানে রাখুন চিনি। ত্বকের

নানাবিধ সমস্যা দূর করতে চিনি কিন্তু ম্যাজিকের মতো কাজ করবে।

১) কফি পাউডারের সঙ্গে কিছুটা পরিমাণ চিনি মিশিয়ে নিন। তার মধ্যে অল্প মধু ঢেলে ভাল করে মিশিয়ে নিয়ে মুখে কিছু ম্যাসাজ করুন। ২০ মিনিট রেখে ঠান্ডা জলে মুখ ধুয়ে ফেলুন। বলিরেখা দূর করতে এই ফেসপ্যাক দারুণ কাজ করবে।

২) ব্রনর সমস্যায় ভুগছেন? গ্রিন টি পাতার সঙ্গে চিনি মিশিয়ে নিন। এর মধ্যে কিছুটা অলিভ ওয়েল মিশিয়ে পেস্ট তৈরি করুন। সপ্তাহে

অন্তত তিনদিন এটি করলে ব্রনর সমস্যা দূর হবে।

৩) এক টেবিল চামচ হলুদ গুঁড়োতে এক চা চামচ চিনি যোগ করুন। এতে এক চা চামচ মধু দিয়ে ভালভাবে মেশান। এবার এটি পুরো মুখে লাগিয়ে ২০ মিনিট রেখে দিন। ত্বকের জেল্লা ফেরাতে দারুণ কাজ করবে এই ফেসপ্যাক।

৪) একটি টমেটো অর্ধেক কেটে তার ওপর এক চা চামচ চিনি ছড়িয়ে দিন। এবার এটা দিয়ে ধীরে ধীরে পুরো মুখে ঘষতে থাকুন। কিছুক্ষণ স্ক্রাব করার পর জল দিয়ে মুখ ধুয়ে ফেলুন। এরপরে মুখে ময়েশচারাইজার লাগান।

৫) এক টেবিল চামচ মধুর সঙ্গে এক চা চামচ চিনি যোগ করুন। ভাল করে মিশিয়ে পুরো মুখে লাগান। ২০-৩০ মিনিট রেখে শুকিয়ে নিন এবং তারপর জল দিয়ে ভালভাবে ধুয়ে ফেলুন। রোদের পোড়া ভাব দূর করতে দারুণ কাজ করে এই ফেসপ্যাক।

ত্রিপুরায়ও বিজেপির নির্বাচনী কার্যালয়ে ড. বিআর আম্বেদকরের জন্মজয়ন্তী উদযাপিত

আগরতলা, ১৪ এপ্রিলঃ সারা দেশের সঙ্গে সংগতি রেখে ত্রিপুরায়ও ড. বিআর আম্বেদকরের জন্মজয়ন্তী পালন করা হয়েছে বিভিন্ন সংস্থা, সংগঠন ও রাজনৈতিক দলের তরফে। বিজেপির নির্বাচনী কার্যালয়ে ড. বিআর আম্বেদকরের জন্মজয়ন্তী উদযাপন করা হয় তফশিলি জাতি মোর্চার উদ্যোগে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, সহ-সভাপতি তাপস ভট্টাচার্য এবং তফশিলি জাতি মোর্চার রাজ্য সভাপতি অরবিন্দ দাস সহ অন্যান্যরা। প্রসঙ্গত, ভারতীয় সংবিধানের রচয়িতা ড. বিআর আম্বেদকর। ১৪ এপ্রিল তার জন্মদিন। ভারতের অস্পৃশ্য শ্রেণিভুক্ত দলিত মানুষজনের উন্নয়নের জন্য ভারতীয় শালনতন্ত্রে যে বিশেষ বিধানসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে তার প্রধান উদ্যোক্তা ছিলেন ড. ভীমরাও রামজি আম্বেদকর। তিনি বুঝতে

মৌদীর কল্যাণে উত্তরপূর্ব থেকে আফসপা প্রত্যাহার করা সম্ভব হয়েছে, বলেন সর্বানন্দ

ডিব্রুগড় (অসম), ১৪ এপ্রিলঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কল্যাণেই উত্তরপূর্ব থেকে ‘সশস্ত্র বাহিনী (বিশেষ ক্ষমতা) আইন’ (আফসপা) প্রত্যাহার করা সম্ভব হয়েছে, বলেছেন কেন্দ্রীয় জাহাজ, বন্দর, জলপরিবহণ এবং আয়ুষ দফতরের মন্ত্রী তথা অসমের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা ডিব্রুগড় আসনে বিজেপি মনোনীত প্রার্থী সর্বানন্দ সনোয়ালা।

আজ রবিবার ডিব্রুগড়ে একটি নির্বাচনী সমাবেশে ভাষণ দিচ্ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তর-পূর্বাঞ্চলের রূপান্তরমূলক পরিবর্তন সম্পর্কে বহু কথা বলেছেন তিনি। এই অঞ্চলের অগ্রগতি এবং উন্নয়ন ও শান্তির ক্ষেত্রে প্রধানমন্ত্রীর উল্লেখযোগ্য অবদানের ওপর জোর দিয়ে বক্তব্য পেশ করেছেন সনোয়ালা।

দশ বছর আগেকার এবং বর্তমানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন দশ বছরের কেন্দ্রীয় সরকারের তুলনা করেছেন সর্বানন্দ। সনোয়াল বলেন, ‘কংগ্রেস শাসনামলে আপনারা উত্তর-পূর্বাঞ্চলের কী পরিস্থিতি ছিল, দেখেছেন। সম্পদ ও সম্ভাবনায় ভরপুর এমন একটি অঞ্চলকে কংগ্রেসের সং-এ ও বৈষম্যমূলক নীতির ফলে পিছিয়ে থাকতে হয়েছিল।’ তিনি মোদি



সরকারকে সুযোগ এবং সমর্থন দিয়ে উত্তর-পূর্বাচলকে ক্ষমতায়নের জন্য কৃতিত্ব দেন, যা সাম্প্রতিক বছরগুলিতে এর উত্থানের দিকে পরিচালিত করে। উত্তর-পূর্বাঞ্চল থেকে ‘সশস্ত্র বাহিনী (বিশেষ ক্ষমতা) আইন’ (আফসপা) ধীরে ধীরে প্রত্যাহার এবং আন্তঃরাজ্য বিরোধজনিত সমস্যা সমাধানকে এই অঞ্চলের নতুন স্থিতিশীলতা এবং অগ্রগতিতে অবদান রাখার মূল কারিগর হিসাবে নরেন্দ্র মোদীকে কৃতিত্ব দিয়েছেন। অসমে অভিন্ন দেওয়ানি বিধি (ইউনিফর্ম সিভিল কোড সংক্ষেপে ইউসিসি) বাস্তবায়নের বিষয়ে সনোয়াল উত্তরাঞ্চলের প্রসঙ্গ টেনে তার সমর্থন করেছেন। দৃঢ়তার সঙ্গে তিনি বলেন, অভিন্ন দেওয়ানি

বিধি অসমেও বলবৎ করা উচিত। উত্তরাঞ্চল ইতিমধ্যেই এটি চালু করে দিয়েছে। এটি পর্যায়ক্রমে সর্বত্র প্রয়োগ করা হবে। এই বিধি অভিন্নতা এবং সম্প্রীতির লক্ষ্যে আইনি এবং সামাজিক সংস্কারের দিকে একটি সক্রিয় দৃষ্টিভঙ্গির পরিচায়ক।

ওয়ান ন্যাশন, ওয়ান ইলেকশনের ধারণাকে সমর্থন করেছেন সর্বানন্দ। বলেন, একে ‘খুব ভালো ধারণা’ বলে অভিহিত করে বলেন, এতে ব্যাপক নাগরিক সমর্থন রয়েছে। এই ধারণার সম্ভাব্য উপলব্ধির জন্য প্রধানমন্ত্রী মোদীর সিদ্ধান্তমূলক নেতৃত্বের প্রশংসা করে বলেন, এটি কেবল প্রধানমন্ত্রী মোদীর দ্বারাই সম্ভব, তাঁর বড় সিদ্ধান্ত নেওয়ার শক্তি আছে।

অস্ট্রেলিয়ায় হামলাকারীকে নিবৃত্ত করেন নারী পুলিশ, প্রশংসা করলেন প্রধানমন্ত্রী



সিডনি, ১৪ এপ্রিলঃ অস্ট্রেলিয়ার সিডনিতে সমুদ্রের তীরবর্তী বডি উপশহরের একটি শপিং মলে দুর্বৃত্তের ছুরিকাঘাতে হয়জন নিহত হয়েছেন। পরে পুলিশের একজন নারী সদস্যের গুলিতে হামলাকারীও নিহত হয়েছেন। এ ঘটনায় ওই পুলিশ কর্মকর্তাকে ‘বীর’ হিসেবে অভিহিত করেছেন দেশটির প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ। গতকাল শনিবারের এই হামলাকে ‘ভয়ংকর সহিংসতা’ উল্লেখ করে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী বলেন, ‘তিনি (পুলিশ কর্মকর্তা) জীবন বাঁচিয়েছেন, এতে কোনো সন্দেহ নেই।’ পুলিশ জানিয়েছে, অজ্ঞাতনামা ওই পুলিশ কর্মকর্তা সাহসিকতার সঙ্গে মলের ভেতর হামলাকারীকে শনাক্ত করেছিলেন। তাঁর দিকে হামলাকারী ছুরি উঠিয়ে আসার সময় ওই পুলিশ কর্মকর্তা গুলি ছোড়েন। এতে হামলাকারীর মৃত্যু হয়। নিউ সাউথ ওয়েলস পুলিশের সহকারী কমিশনার অ্যান্টনি কুক বলেন, ‘এক ব্যক্তি ওয়েস্টফিল্ডে বডি জংনে হাঁটছিলেন...এ সময় তাঁর আশপাশে প্রায় নয়জন মানুষ ছিল। এটা স্পষ্ট যে ওই ব্যক্তি হামলাকারী ছুরি দিয়ে তাঁদের ওপর হামলা করেছিলেন। পুলিশ তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে উপস্থিত হয়েছিল। একজন পুলিশ পরিদর্শক কাছাকাছি ছিলেন। তিনি দ্রুত উপস্থিত হয়েছিলেন। তিনি ওই হামলাকারীকে ধরতে কাছাকাছি গেলে হামলাকারী ছুরি উঠিয়ে ধরেন। এ সময় ওই পুলিশ কর্মকর্তা তাঁকে লক্ষ্য করে গুলি ছোড়েন। এতে তাঁর মৃত্যু হয়।’ নাম প্রকাশ না করার শর্তে ওই শপিং মলের একজন ক্রেতা এবিসি নিউজ অস্ট্রেলিয়াকে বলেন, ওই পুলিশ কর্মকর্তা যদি গুলি না ছুড়তেন, তাহলে হামলাকারী তাঁর তাণ্ডব চালাতেই থাকতেন, সবাইকে ছুরিকাঘাতে করতেন। ওই পুলিশ কর্মকর্তার সাহসিকতার প্রশংসা করে স্টেট পুলিশের প্রধান কারেন ওয়েব বলেছেন, তাঁর ‘অসাধারণ সাহস’। ওই পরিস্থিতিতে তিনি খুব ভালো কাজ করেছেন। হামলাকারীর পরিচয় ও উদ্দেশ্য প্রকাশ করেনি পুলিশ। তবে পুলিশ নিশ্চিত করেছে, হামলাকারীর বয়স ৪০ বছর। তিনি পরিচিত।

ডিমা হাসাওয়ে মোটর সাইকেল দুর্ঘটনায় হত দুই

হাফলং (অসম), ১৪ এপ্রিলঃ বাংলা বছরের শেষ দিন শোকাবহ পথ দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন দুই ব্যক্তি। ডিমা হাসাও জেলার দিগুংমুখ থানার অন্তর্গত রেঞ্জারবিল এলাকায় মোটর সাইকেল দুর্ঘটনায় দুই ব্যক্তি নিহত হয়েছেন। জানা গেছে, শনিবার বিকালে দিগুংমুখ ও উমরাংসার মধ্যবর্তী রেঞ্জারবিল এলাকায় এএস ৩১ ডি ৯৩১১ নম্বরের মোটর সাইকেল তীব্র বেগে এসে রাস্তার পাশে একটি বিশাল গাছে ধাক্কা মারে। সঙ্গে সঙ্গে মোটর সাইকেলের দুই আরোহী ছিটকে

আঙুল কামড়ে দিল ক্রেতা

বান্দা, ১৪ এপ্রিলঃ মাত্র ৫০ টাকা বেশি চেয়েছিলেন দোকানি। তার জেরে দোকানির আঙুল কামড়ে দিলো এক ক্রেতা। ঘটনাটি ঘটেছে উত্তর প্রদেশের বান্দা জেলায়। রবিবার পুলিশ সূত্রে জানা গিয়েছে, শিবচন্দ্র কারওয়ারিয়া নামে এক দোকানি এক ব্যক্তিকে একটি জমা বিক্রি করেন। পরদিন সেই ব্যক্তি ফিরে এসে জানায় জমাটি ছোটো হয়েছে। তিনি সেটি পাল্টাতে চান। এরপর দোকানি তাকে বলে এজন্য তাকে ৫০ টাকা বেশি দিতে হবে। এরপরই শুরু হয় গোলমাল। ঝগড়া চলাকালীন দোকানির আঙুল কামড়ে দেয় ওই ব্যক্তি।

Name Change
I PUNIT AGARWAL, S/O- KAILASH PAT AGARWALA R/O- BF 86, SECTOR 1, BIDHANNAGAR (M), P.O.BIDHANNAGAR CC BLOCK, NORTH 24 PARGANAS, PIN-700064, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS PUNIT AGARWALA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT ALIPORE COURT ON 12/04/2024, THAT PUNIT AGARWAL AND PUNIT AGARWALA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
